বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত
সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃনং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকেল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০৭	০৭	০০	০০	০৭	০৬	• ৫০% • ১৬৬.৬৭%	০৭	• ৭.৯৭% • ৩০.৩২%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ০৭

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ :

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যের দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তনের ফলেও প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত।	৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৩ প্রকল্পের যানবাহন সংক্রান্ত।	৩.৩ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৪ প্রকল্প পরিচালক সংক্রান্ত।	৩.৪.১ প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে।
	৩.৪.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষ্যতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোগী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৫ পিসিআর প্রেরণে বিলম্ব।	৩.৫ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

বিসিএসআইআর-এর চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রের এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল ল্যাবরেটরী শক্তিশালীকরণ (২য় সংশোধিত) জুন/২০১১--জুলাই/২০১৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি ঃ জুন, ২০১৪)

১। **প্রকল্পের নাম** ঃ **বিসিএসআইআর-এর চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রের এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল ল্যাবরেটরী শক্তিশালীকরণ (২য় সংশোধিত)।**

২। **প্রকল্পের অবস্থান** ঃ চট্টগ্রাম ও রাজশাহী

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৪। **বাস্তবায়ন সংস্থা** ঃ বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষনা পরিষদ (বিসিএসআইআর)

৫। **(ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৩৯.২৯	২৫৩০.০০	২৫২৭.৩৯	জুলাই/২০১১ হতে জুন/২০১৩	জুলাই/২০১১ হতে জুন/২০১৪	জুলাই/২০১১ হতে জুন/২০১৪	৫৮৮.১০ (৩০.৩২%)	১ বছর (৫০%) -

(খ) প্রকল্পের অর্থায়নের উৎস ঃ

(লক্ষ টাকা)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	প্রকল্প সাহায্য	মোট	উৎস
(ক) স্থানীয় সম্পদ	২৫৩০.০০	-	২৫৩০.০০	বাংলাদেশ সরকার
(খ) বৈদেশিক সাহায্য	-	-	-	-
মোট ঃ	**২৫৩০.০০**	**-**	**২৫৩০.০০**	**বাংলাদেশ সরকার**

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	পিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	পিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১.	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	সংখ্যা	৫.০৪	৪	৩.৫৪ (৭০.২৩)	২ (৫০.০০)
২.	ভাতাদি	থোক	১.৫১	থোক	০.৭১ (৪৬.৭১)	থোক
৩.	সরবরাহ ও সেবা	”	৩৩৯.১৮	”	৩৩৯.১৮ (১০০.০০)	থোক (১০০.০০)
৪.	মেরামত, সংরক্ষণ ও পূনর্বাসন	বর্গ মিটার	১৩৮.০০	৭৯০৮.০০	১৩৮.০০ (১০০.০০	৭৯০৮.০০ (১০০.০০)
৫.	সম্পদ সংগ্রহ	সংখ্যা	১৯৭৩.২৭	৩০৩	১৯৭২.৯৬ (৯৯.৯৮)	৩০৩ (১০০.০০)
	সিডি-ভ্যাট	থোক	৫৫.০০	থোক	৫৫.০০ (১০০.০০)	থোক
	বিবিধ	”	১৭.৯৯	”	১৭.৯৯	-
	মোট =		**২৫৩০.০০**		**২৫২৭.৩৯ (৯৯.৮৯)**	

৭। **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি ঃ

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। **সাধারণ পর্যবেক্ষণঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ২৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমান ২৫২৭.৩৯ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৯৯.৮৯%।

১০। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্য ঃ

১০.১ প্রকল্পের পটভূমি ঃ

বিসিএসআইআর চট্টগ্রাম ও রাজশাহী গবেষণাগার যথাক্রমে প্রায় ৯২.৫০ এবং ৯৯.০০ একর জায়গার উপর অবস্থিত। এ সুবিশাল ক্যাম্পাসে অনেকগুলি গবেষণাগার রয়েছে। কিন্তু বিদ্যমান অবকাঠামোর তুলনায় বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও গবেষণা সুবিধা অপ্রতুল হওয়ায় কাংখিত মানের গবেষণা ও চাহিদা অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানকে সেবা প্রদান করা সকল সময়ে সম্ভব হয় না। ইতোমধ্যে চট্টগ্রাম এবং রাজশাহী বিভাগে আরও অনেকগুলি নতুন নতুন শিল্প কলকারখানা স্থাপিত হয়েছে। এছাড়া চট্টগ্রাম নৌ-বন্দর, বেনাপোল, হিলি, সোনামসজিদ এবং বাংলাবান্ধা স্থল বন্দর দিয়ে আমদানী ও রপ্তানীর পরিমাণ অনেক বৃদ্ধি পেয়েছে। যার ফলে বিভিন্ন খাদ্য সামগ্রী এবং রাসায়নিক পণ্যের গুণগত মানের পরীড়্গা এবং বিশেস্নষণের জন্য পরিমাণ অনেক বৃদ্ধি পেয়েছে। কিন্ত্ম সে তুলনায় বিসিএসআইআর চট্টগ্রাম এবং রাজশাহী কেন্দ্রের বিভিন্ন গবেষণাগারের ভৌত অবকাঠামো যেমন-ধূলাবালিমুক্ত, আদ্রতা এবং তাপমাত্রা নিয়ন্ত্রিত নয়, যা আয়তনিক পরিমাপের সূড়্গাতার জন্য বিশেষ প্রয়োজন। একই ভাবে এই মাল্টিডিসিপিস্নিনারী গবেষণাগারে কোন আধুনিক এবং যুগোপযোগী যন্ত্রপাতি নেই। তাই জাতীয় চাহিদা অনুযায়ী বিসিএসআইআর-এর চট্টগ্রাম ও রাজশাহী কেন্দ্রের গবেষণা এবং সেবার পরিধি বৃদ্ধির জন্য এনালাইটিক্যাল এবং মাইক্রোবিয়াল গবেষণাগার শক্তিশালী করা প্রয়োজন ছিল।

১০.২ প্রকল্পের মূল উদ্দেশ্য ঃ

(ক) বাংলাদেশের শিল্প ও বাণিজ্য প্রসারের জন্য শিল্প কলকারখানায় ব্যবহৃত কাঁচামাল ও পণ্যের এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল পরিবীক্ষণ সেবা প্রদান করা;

(খ) পণ্যের রপ্তানী আয় বাড়ানো এবং দেশী ও বিদেশী ভোক্তার চাহিদা অনুযায়ী পরিবীক্ষণ সেবার মাধ্যমে পণ্যের মান নিশ্চিত করা;

(গ) আধুনিক ও যুগোপযোগী এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল যন্ত্রপাতি বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষের জন্য গবেষণায় ব্যবহারের সুযোগ দেয়া; এবং

(ঘ) খাদ্য দ্রব্যের ভেজাল চিহ্নিত ও পরিমাপ করার যুগোপযোগী পরিবীক্ষণ সেবা প্রদান করে খাদ্য শিল্পে সহায়তা করা।

১১। প্রকল্প অনুমোদন / সংশোধন ঃ

অনুমোদন	১৬/০৬/২০১১ ইং তারিখে মোট ১৯৩৯.২৯ লড়্গ টাকা সম্পূর্ণ জিওবি ব্যয়ে অনুমোদন।
সংশোধন(১ম)	১৯/০৪/২০১২ ইং তারিখে মোট ২১১৪.১৬ লড়্গ টাকা সম্পূর্ণ জিওবি ব্যয়ে অনুমোদন ।
সংশোধন(২য়)	২৪/০৭/২০১৪ ইং তারিখে মোট ২৫৩০.০০ লড়্গ টাকা সম্পূর্ণ জিওবি ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত।
আন্ত্মঃখাত	০৯/০৪/২০১৪ ইং তারিখে আন্ত্মঃখাত সমন্বয়ের সুপারিশ মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত।

১২। প্রকল্পের অর্থায়ন ঃ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্ত্মবায়িত হয়েছে।

১৩। **প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ**

পরিচালক (পূর্ত) ও সহকারী পরিচালক (বিজ্ঞান), শিল্প ও শক্তি সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় প্রকল্পের আওতায় চট্টগ্রাম, বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ও রাজশাহী, বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদে প্রকল্পের আওতায় নির্মিত ল্যাবরেটরী গত ২৪/০৯/২০১৪ ও গত ১৫/১০/২০১৪ তারিখ এবং গত ২৩/১০/২০১৪ তারিখ প্রকল্প অফিস, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প

গবেষণা পরিষদ, সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে প্রকল্প পরিচালক মোঃ রেজাউল করিম, সিনিয়র সায়েন্টিফিক অফিসার ও ল্যাব সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। পরিদর্শনে প্রতীয়মান হয় যে, বৈদেশিক মুদ্রায় অধিকাংশ যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি গুলো সঠিকভাবে কাজ করছে কিনা তা পরীড়্গা করা হয়। ল্যাবরেটরীগুলি ব্যবহার করে সরকারী রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে কিনা তা সম্পর্কে বিস্ত্মারিত আলোচনা করা হয়। এছাড়া পরিদর্শনকালে দেখা যায় যে, রাজস্ব আয়ের পাশাপাশি সংশ্লিষ্ট এলাকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা উচ্চতর (এমএসসি/পিএইচডি) শিড়্গা গ্রহণে ল্যাব ব্যবহার করছে। ছাত্র-ছাত্রীদের কাছে ল্যাবরেটরী এর সুবিধা-অসুবিধা সম্পর্কে জানতে চাওয়া হলে তারা বলেন যে, তাদের পড়াশুনার কাজে ল্যাবটি উচ্চতর শিক্ষা গ্রহণে খুবই সহায়ক হয়েছে। পরবর্তীতে কিভাবে নিজস্ব উদ্যোগে স্থানীয় ষ্টেক-হোল্ডারদের অবহিত করার জন্য সেমিনার করা ও পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে রাজস্ব আয় বাড়ানো যায় তা নিয়ে সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাগণের সাথে বিস্ত্মারিত আলোচনা করা হয়। সংগৃহীত যন্ত্রপাতিসমূহ বর্তমানে সচল রয়েছে ও ল্যাবরেটরীতে পরীক্ষা-নিরীক্ষা এবং সেবা প্রদানের কাজে ব্যবহৃত হচ্ছে। এ ল্যাবরেটরীর মাধ্যমে বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের রপ্তানীকৃত পণ্য পরীড়্গা করে রপ্তানীযোগ্য কিনা না, তার সার্টিফিকেট প্রদানের এর মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। প্রকল্পের অধিকাংশ ক্রয়কার্যে উন্মুক্ত দরপদ্ধতি অনুসরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ভৌত কাজ হিসেবে পুরাতন ল্যাবরেটরীগুলিকে রিনোভেশন করা হয়েছে। এরূপ প্রকল্প বাস্ত্মবায়নের ফলে সরাসরি কি ফলাফল পাওয়া গেছে এমন প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ডকুমেন্টের সমর্থনে জানান যে, প্রকল্পের অধীনে Research & Development (R&D) এর যে লড়্যামাত্রা নির্ধারিত ছিল তার অধিকাংশ কাজ সফলভাবে বাস্ত্মবায়ন হয়েছে। নিম্নে প্রকল্পের আওতায় স্থাপিত ল্যাবগুলির পূর্বের এবং বর্তমানের অবস্থার চিত্র দেয়া হলঃ

প্রকল্প শুরম্নর পূর্বে রাজশাহীতে স্থাপিত ল্যাবরেটরীর চিত্র।





প্রকল্পের আওতায় রাজশাহীতে স্থাপিত ল্যাবরেটরীর বর্তমান চিত্র









প্রকল্প শুরুর পূর্বে চট্টগ্রামে স্থাপিত ল্যাবরেটরীর চিত্র





প্রকল্পের আওতায় চট্টগ্রামে স্থাপিত ল্যাবরেটরীর বর্তমান চিত্র









১৪। মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের ডিপিপিতে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো ঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্ত	ব্যয়	বাস্তব অগ্রগতি	মন্তব্য
২০১১-২০১২	৯৩৭.০০	৯৩৭.০০	৯৩৭.০০	৩৭.০০%	
২০১২-২০১৩	১১৪৩.০০	১১৪২.৬৯	১১৪২.৬৯	৪৫.১৬%	
২০১৩-২০১৪	৪৫০.০০	৪৪৭.৭০	৪৪৭.৭০	১৭.৭৮%	
মোট =	**২৫৩০.০০**	**২৫২৭.৩৯**	**২৫২৭.৩৯**	**৯৯.৮৯%**	

ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, সংশোধিত এডিপিতে বরাদ্দ ছিল ২৫৩০.০০ লক্ষ টাকা এবং বিগত ০৩ বছরে অর্থ অবমুক্ত করা হয়েছে ২৫২৭.৩৯ লক্ষ টাকা যা সম্পূর্ণ ব্যয় হয়েছে।

১৫। **প্রকল্পের ব্যবস্থাপনা** ঃ

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল			মন্তব্য
	নিয়োগের তারিখ	বদলির তারিখ	স্থায়িত্ব	
১	২	৩	৪	৫
মোঃ রেজাউল করিম সিনিয়র সায়েন্টিফিক অফিসার	০৫-০৭-২০১১	নেই	৩ বছর	-

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(ক) বাংলাদেশের শিল্প ও বাণিজ্য প্রসারের জন্য শিল্প কল কারখানায় ব্যবহৃত কাঁচামাল ও পণ্যের এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল পরিবীক্ষণ সেবা প্রদান করা।	(ক) বাংলাদেশের শিল্প ও বাণিজ্য প্রসারের জন্য শিল্প কল কারখানায় ব্যবহৃত কাঁচামাল ও পণ্যের এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল পরিবীক্ষণ সেবা প্রদান করছে।
(খ) পণ্যের রপ্তানী আয় বাড়ানো এবং দেশী ও বিদেশী ভোক্তার চাহিদা অনুযায়ী পরিবীক্ষণ সেবার মাধ্যমে পণ্যের মান নিশ্চিত করা ।	(খ) পণ্যের রপ্তানী আয় বাড়ানো এবং দেশী ও বিদেশী ভোক্তার চাহিদা অনুযায়ী পরিবীক্ষণ সেবার মাধ্যমে পণ্যের মান নির্ধারণ করা হচ্ছে।
(গ) আধুনিক ও যুগোপযোগী এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল যন্ত্রপাতি বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষের জন্য গবেষণায় ব্যবহারের সুযোগ দেয়া।	(গ) আধুনিক ও যুগোপযোগী এনালাইটিক্যাল ও মাইক্রোবিয়াল যন্ত্রপাতি বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষের জন্য গবেষণায় ব্যবহারের সুযোগ দেয়া হচ্ছে।
(ঘ) খাদ্য দ্রব্যের ভেজাল চিহ্নিত ও পরিমাপ করার যুগোপযোগী পরিবীক্ষণ সেবা প্রদান করে খাদ্য শিল্পে সহায়তা করা।	(ঘ) খাদ্য দ্রব্যের ভেজাল চিহ্নিত ও পরিমাপ করার যুগোপযোগী পরিবীক্ষণ সেবা প্রদান করে খাদ্য শিল্পে সহায়তা করা হচ্ছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রযোজ্য নয়।

১৮। প্রকল্পের ব্যাংক হিসাব পর্যালোচনা ঃ

ক্রঃ নং	হিসাবের শিরোনাম	খোলার তারিখ	জমাকৃত টাকা[১]	সূদ[২]	ব্যয়	অবশিষ্ট	মন্তব্য
০১	Strengthening Anal. & Microbial Labs.		টাঃ ২৪,৭১.৩৯ লক্ষ	টাঃ ৯.৪৯৬৪ লক্ষ	টাঃ ২৪,৭১.৩৯ লক্ষ	নাই	

১. পৃথক বিবরণী সংযুক্ত করতে হবে।(ব্যাংক স্টেটমেন্টের কপি)

২. সূদের অর্থ কীভাবে ব্যয়/নিষ্পত্তি করা হয়েছে তার আলাদা বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে (টাঃ ৯.৪৯৬৪ লক্ষ জমা দেয়ার ট্রেজারী চালানের কপি)

১৯। প্রকল্পের ক্রয়-পরিকল্পনা ও ক্রয় সংক্রান্ত তথ্যাদি

১৯.১ প্রকল্পের ক্রয়-পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি

প্রকল্পের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে কি-না	যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কি-না	ক্রয়ের পদ্ধতি বর্ণিত আছে কি-না	ক্রয়ের পদ্ধতি পিপিআর-এর সাথে সংগতিপূর্ণ কি-না	পিপিআর-এর সাথে অসংগতির বিবরণ*	মন্তব্য
২০১১-২০১২	আছে	আছে	হ্যাঁ	প্রযোজ্য নয়	
২০১২-২০১৩	আছে	আছে	হ্যাঁ	প্রযোজ্য নয়	
২০১৩-২০১৪	আছে	আছে	হ্যাঁ	প্রযোজ্য নয়	

১৯.২ পিসিআর এ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত ইকুইপমেন্ট এর তালিকা (২০০.০০ লক্ষ টাকার উর্ধে):

Description of procurement (goods/works/ /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in lac Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods (local and foreign training)	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
(1) Mass Spectrometer (Triple Quard) with Ultra HPLC (3000 m/z)	Tk 327.30	Tk 327.30	16.01.12	21.05.2012/ 30.05.2012	20.11.2012	19.11.12
(2)Automated Sample Extraction System(graphic software/ Ultra HPLC)	Tk 349.00	Tk 349.00	19.06.12	19.09.2012/ 01.10.2012	18.03.2013	14.01.2013 09.01.2013
(3) Rapid Flow Cytometric Bacterial Counter/Real Time PCR system	Tk 282.00	Tk 282.00	24.06.12	24.09.2012/ 01.10.2012	23.03.2012	10.01.13
(4) Ion Trap Mass Spectrometer (1500-4000 m/z) with HPLC	Tk 297.51	Tk 297.51	03.11.12	28.01.2013/ 24.03.2013 and 31.03.2013	28.06.2013	26.06.2013 30.07.2013

১৯.৩ ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা (বৈদেশিক)

Sl No	Description of items	Quantity (as per PP)	Quantity procured with date	Remarks
1	2	3	4	5
1	Automated Sample Extraction System(graphic software/ turboflow/Ulta HPLC)	2	2 14.01.13	Received in good and working condition
2	Mass Spectrometer(Triple Quard) with Ultra HPLC(3000 m/z)	1	1 18.11.12	Received in good and working condition
3	Ion Trap Mass Spectrometer (1500-4000 m/z) with HPLC	1	1 23.06.13	Received in good and working condition
4	Transfat and FFA analyzer	2	2 30.08.12	Received in good and working condition
5	Rapid Flow Cytometric Bacterial Counter/Real Time PCR system	1	1 14.02.13	Received in good and working condition
6	Microbial Analyzer (Real Time PCR) system	1	1 15.10.12	Received in good and working condition
7	Airocide/biopro,Water Purifier, Auto-Solvent Extractor	1	1 19.05.12	Received in good and working condition
8	Microwave extraction system(gravity)-natural product	1	1 31.03.14	Received in good and working condition

১৯.৪ ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা (দেশী)

Sl No	Description of items	Quantity (as per PP)	Quantity procured with date	Remarks
1	2	3	4	5
9	Heavy duty Power generator with solar panel	4	4 31.10.11 05.09.12	Received in good and working condition
10	Network Software with LIMS (CDS)	2	2 26.12.11	Received in good and working condition
11	Refrigerated Centrifuge	2	2 18.01.12	Received in good and working condition
12	Melting point apparatus	1	1 18.01.12	Received in good and working condition
13	Ultrasonic bath with heating	2	2 18.01.12	Received in good and working condition
14	Texture analyzer(Elisa system with washer)	1	1 18.01.12	Received in good and working condition
15	Homogenizer(Bag mixer)	2	2 18.01.12	Received in good and working condition
16	Drying oven(vacuum)	2	2 30.09.12	Received in good and working condition
17	Oil test kit	36	36 18.01.12	Received in good and working condition
18	Milk test kit	36	36 18.01.12	Received in good and working condition
19	Water test kit	36	36 18.01.12	Received in good and working condition
20	Freezer	8	8 25.06.13 07.06.12	Received in good and working condition
21	NIR/IR Moisture Analyzer(with electronic balance)	1	1 18.01.12	Received in good and working condition
22	Nested PCR with Hybridization oven & kit	1	1 22.11.12	Received in good and working condition
23	Column, consumable, solvent filtration aid, preparative kits	LS	LS 30.05.12 05.12.13 16.02.14	Received in good and working condition
24	Split type air condition(2 ton)	20	20 13.06.14	Received in good and working condition

১৯.৫ ক্রয়কৃত অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্রের তালিকা :

Sl no	Description of items	Quantity (as per PP)	Quantity procured with date	Remarks
25	(i) Lap top computer	4	4 31.07.11 25.08.11	Received in good and working condition
26	(ii) Desk top computer with LCD monitor	1	1	Received in good and working condition
27	(iii) Laser printer	4	4 20.11.11	Received in good and working condition
28	(iv) Cartridge for printer	10	10 21.0.13	Received in good and working condition
29	(v) Multimedia with back & front views	2	2 08.10.11	Received in good and working condition
30	Network Software	2	2 20.06.12	Received in good and working condition
31	Photocopy machine (spares)	3	3 30.05.12 08.09.12	Received in good and working condition
32	Developer and Cartridge for photocopy machine	3	3 28.04.13 18.02.14	Received in good and working condition
33	Online UPS (3kv)	1	1 11.12.11	Received in good and working condition
34	Baterry (2kv)	8	8 10.06.14	Received in good and working condition
35	Executive Table	10	10 02.09.11 13.06.12	Received in good and working condition
36	Revolving chair	20	20 13.06.12	Received in good and working condition
37	Guest chair	20	20 13.06.12	Received in good and working condition
38	Computer table	10	10 13.06.12	Received in good and working condition
39	Computer chair	20	20 20.09.11	Received in good and working condition
40	Steel Almira	15	15 16.11.11	Received in good and working condition
41	File Cabinet	8	8 13.06.12	Received in good and working condition
42	Book shelf(large)	4	4 13.06.12	Received in good and working condition
43	Book shelf(small)	4	4 13.06.12	Received in good and working condition
44	Trolley(shoe rack)	8	8 13.06.12	Received in good and working condition

২০। **প্রকল্পের অডিট সংক্রান্ত্ম তথ্যাদি ঃ** প্রকল্প অফিস পরিদর্শনকালে জানা যায় যে, ১৭-২৩ নভেম্বর, ২০১৪ অডিট (এজি) মধ্যে অডিট শুরম্ন হবে।

২১। **সমস্যাঃ**

২১.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) : মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৩ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১বছর বেশী (৫০%)। ২ বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পে ৫০% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

২১.২ প্রকল্পের নথি ব্যবস্থাপনা: প্রকল্পের আর্থিক /Procurement সংশ্লিষ্ট কার্যাবলীর নথি ঢাকাস্থ হেড অফিসে সংরক্ষণ করা হয়। মনিটরিং এর সুবিধার্থে সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় আর্থিক /Procurement সংশ্লিষ্ট কার্যাবলীর ছায়ানথি থাকা প্রয়োজন।

২১.৩ অডিট সম্পর্কিত তথ্য প্রদান : নভেম্বর, ২০১৪ মাসে অডিট শুরু হবে বলে জানা যায়।

২১.৪ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি সমূহ সংস্থার টিওইভুক্ত করা: প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি সমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো প্রকল্প শেষ হওয়ার সাথে সাথে সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখা আবশ্যক;

২১.৫ এয়ার কন্ডিশনে বৈদ্যুতিক সংযোগ না থাকা: রাজশাহী ল্যাবে স্থাপিত এ য়ার কন্ডিশনগুলো বর্তমানে বিদ্যুতিক সংযোগে না থাকায় বন্ধ অবস্থায় রয়েছে।

২১.৬ এয়ার কন্ডিশন চালু না থাকায় যন্ত্রপা তি ব্যবহারে অসুবিধা: এয়ার কন্ডিশন চালু না থাকায় ল্যাবে স্থাপিত Microwave extraction system(gravity)-natural product যন্ত্রটি সঠিক ভাবে ব্যবহার করা যাচ্ছে না।

২২। **সুপারিশ :**

২২.১ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কা র্যকর রাখার জন্য সেগুলো সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে;

২২.২ বিসিএসআইআর এর অন্যান্য ল্যাবরেটরীসহ চট্টগ্রাম ও রাজশাহী ল্যাবরেটরীর রাজস্ব আয় বৃদ্ধিকল্পে সংগৃহীত যন্ত্রপাতিগুলো সচল রাখার মাধ্যমে এগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চত করতে হবে;

২২.৩ বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যায়নরত শিক্ষার্থীদের উচ্চতর শিক্ষা /গবেষণা কার্যক্রমে এ ল্যাবরেটরী ব্যবহারের সুযোগ পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে;

২২.৪ প্রকল্পের আর্থিক /Procurement সংক্রান্ত তথ্যাবলী PPA 2006/ PPR 2008 অনুসরণে নির্দিষ্ট সময় পর্যন্ত সংরক্ষণ করতে হবে। এছাড়া ক্রয় সংক্রান্ত তথ্যাদি সম্বলিত ছায়ানথি প্রকল্প এলাকায় সংরক্ষণ করা প্রয়োজন;

২২.৫ দেশের আমদানী ও রপ্তানীর সবিধার্থে সমাপ্তকৃত প্রকল্পটির ফলাফল প্রতিপালন সাপেক্ষে ভবিষ্যতে মংলা সমুদ্র বন্দর ও বেনাপোল স্থলবন্দর সংলগ্ন এলাকায় প্রকল্প গ্রহণের মাধ্যমে ল্যাব প্রতিষ্ঠা করা যেতে পারে।

২২.৬ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

“জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহের জন্য প্রদর্শনী বস্তু সংগ্রহ ও তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদান” (১ম সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৪)

১। **প্রকল্পের নাম** : **“জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহের জন্য প্রদর্শনী বস্তু সংগ্রহ ও তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদান” (১ম সংশোধিত)**

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।।

৪। **প্রকল্পের অবস্থান** : আগারগাও, ঢাকা।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১৫০০.০০	১৭৩০.৩৭	১৩৮০.৩৯	জুলাই ২০০৬ হতে জুন ২০০৯	জুলাই ২০০৬ হতে জুন ২০১১	১ম বার: জুন ২০১২ ২য় বার: জুন ২০১৩ ৩য় বার: জুন ২০১৪	জুলাই ২০০৬ হতে জুন ২০১৪	-১১৯.৬৯ (৭.৯৭%)	৫ বছর (১৬৬.৬৭%)

৬। অংগ ভিত্তিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক (%)	বাস্তব পরিমাণ (%)
১	২	৩	৪	৫	৬	৭
এ) রাজস্ব						
১.	কর্মচারীদের বেতন	জন	১৬.২৪	৩	১৫.৪৭ (৯৫.২৬%)	৩ (১০০%)
২.	ভাতাদি	জন	১.৮৪	৩	১.৫৮ (৮.৫৯%)	
৩.	সরবরাহ ও সেবা	থোক	২৩৩.২৯	-	১৬১.২৭ (৬৯.১৩%)	-
৪.	মেরামত সংরক্ষণ	থোক	২০.৫৬	-	২০.১৫ (৯৮%)	-
৫.	বিজ্ঞান ক্লাবের জন্য অনুদান	থোক	১০.০০	-	১০.০০ (১০০%)	
বি) মূলধন						
৬.	অফিস সরঞ্জাম	সংখ্যা	৫.০০	৫	৪.৮৬ (৯৭.২০%)	৫(১০০%)
৭.	প্রদর্শনী বস্তু (দেশী)	সংখ্যা	৪.০০	৮	৪.০০ (১০০%)	৮ (১০০%)
৮.	প্রদর্শনী বস্তু (বিদেশী)	সংখ্যা	১০৮০.৯৪	১৭	১০১৬.৩৫(৯৪.০২%)	১৭ (১০০%)
৯.	সিডিভ্যাট	থোক	৩৫৮.৫০	লাম-সাম	১৪৬.৭১ (৪০.৯২%)	-
	মোট =		**১৭৩০.৩৭**		**১৩৮০.৩৯**	**৭৯.৭৭%**

৭। **মূল্যায়ন পদ্ধতি(Methodology) :** আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে :

- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ডিপিপি ও আরডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর তথ্য পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রকল্প অফিসের রক্ষিত নথি পর্যালোচনা ;
- প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহকে আধুনিকীকরণ;
- আকর্ষণীয় ও আয়ের উৎস বৃদ্ধিমূলক প্রদর্শনীবস্তু সংগ্রহ ও স্থাপনের মাধ্যমে বিজ্ঞান জাদুঘরকে অধিকত র কার্যক্ষমকরণ; এবং
- আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক প্রকল্পের গুণগত মান উন্নয়ন।

৯। **প্রকল্পের পটভূমি** :

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর দেশের একমাত্র বিজ্ঞান জাদুঘর। দেশে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা প্রসার এবং জ নসাধারণের মধ্যে বিজ্ঞান সচেতনতা সৃষ্টি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অন্যতম কাজ। শিক্ষা প্রতিষ্ঠানের পরিপূরক ও আনুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা কেন্দ্র হিসেবেও এই জাদুঘর কাজ করতে পারে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে এ পর্যন্ত ৮টি প্রদর্শনী গ্যালারী নির্মাণ করা হয়েছে। এ সকল গ্যালারির জন্য প্রদর্শনীবস্তু সংগ্রহপূর্বক জা দুঘরকে আধুনিকায়নের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

➢ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ১৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই , ২০০৬ হতে জুন, ২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৫.১০.২০০৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে , প্রকল্পের মোট ব্যয় ১৭৩০.৩৭ লক্ষ টাকায় এবং বাস্তবায়ন মেয়াদ জুন ২০১১ পর্যন্ত বৃদ্ধিপূর্বক প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব ১৮.০২.২০০৯ তারিখে অনুমোদিত হয়। এরপর প্রকল্প ব্যয় অপরিবর্তি ত রেখে ০৪.০৭.২০১১ তারিখে বাস্তবায়ন মেয়াদ ১ বছর ৬ মাস অর্থাৎ ডিসেম্বর ২০১২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ০৯.০২.২০১২ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আলোচ্য প্রকল্পের ১ম বার আন্তঃখাত সমন্বয় করে। এরপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতীত বাস্তবায়ন মেয়াদ দুই বারে ১ বছর ৬ মাস অর্থাৎ জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ২৪.০৬.২০১৪ তারিখে প্রকল্পের ২য় আন্তঃখাত সমন্বয় প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় যা ২৯.০৬.২০১৪ তারিখে প্রশাসনিক অনুমোদন লাভ করে।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পটি বাস্তবায়নকালে ১২ (বার) জন প্রকল্প পরিচালক কাজ করেছেন। প্রকল্প পরিচালকগণের নামের তালিকা ও কার্যকাল নিম্নরূপঃ

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল
১.	মোঃ নুরুল হক, পরিচালক (যুগ্ম-সচিব)	০১.০৭.২০০৬ হতে ৩১.০১.২০০৮
২.	মোঃ নাসির উদ্দিন, পরিচালক (যুগ্ম-সচিব)	৩১.০১.২০০৮ হতে ২২.০১.২০০৯
৩.	মোঃ সদর উদ্দিন,পরিচালক (যুগ্ম-সচিব)	২৬.০১.২০০৯ হতে ০১.০৬.২০০৯
৪.	মোঃ মনসুর হোসেন,পরিচালক (যুগ্ম-সচিব)	০৩.০৬.২০০৯ হতে ০২.১২.২০১০
৫.	মোঃ আব্দুস সামাদ, পরিচালক (ভারপ্রাপ্ত)	০২.১২.২০১০ হতে ১৯.০১.২০১১
৬.	জ্যোতির্ময় সমাদ্দার,পরিচালক (যুগ্ম-সচিব)	০২.১২.২০১১ হতে ১১.০৪.২০১১
৭.	মোহাম্মদ সাইদুর রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব)	১১.০৪.২০১১ হতে ০৬.০৪.২০১৪
৮.	মিজানুর রহমান, পরিচালক (যুগ্ম-সচিব)	০৬.০৪.২০১৪ হতে ২০.০৪.২০১৪
৯.	এস এম আশরাফুল ইসলাম,মহাপরিচালক (অতিরিক্ত সচিব)	২০.০৪.২০১৪ হতে ১১.০৫.২০১৪
১০.	মিজানুর রহমান,পরিচালক (যুগ্ম-সচিব)	১১.০৫.২০১৪ হতে ১৮.০৫.২০১৪
১১.	মোঃ হুমায়ূন কবির খান,মহাপরিচালক (অতিরিক্ত সচিব)	১৮.০৫.২০১৪ হতে ১১.০৬.২০১৪
১২.	মিজানুর রহমান,পরিচালক (যুগ্ম-সচিব)	১১.০৬.২০১৪ হতে ৩০.০৬.২০১৪

১১। **প্রকল্পের মূল কার্যক্রম:**

- জাদুঘরের জন্য বিভিন্ন ধরণের বৈজ্ঞানিক প্রদর্শনী বস্তু সংগ্রহ;
- তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক বিজ্ঞান গবেষণায় সহায়তা প্রদান;
- বিভিন্ন আসবাবপত্র, অফিস সরঞ্জাম ইত্যাদি সংগ্রহ।

১২। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:**

প্রকল্পটির মোট অনুমোদিত প্রাক্কলি ত ব্যয় ১৭৩০.৩৭ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে ব্যয় হয়েছে ১৩৮০.৩৯ লক্ষ টাকা (৭৯.৭৭%) এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩। **আর্থিক বরাদ্দ ও ব্যয় বিশ্লেষণ:**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	**সংশোধিত বরাদ্দ**	**টাকা অবমুক্তি**	**ব্যয়**
১	২	৩	৪
২০০৬-০৭	২.২৪	২.২৪	২.২৪
২০০৭-০৮	১৫.৯৫	১৫.৯৫	১৫.৯৫
২০০৮-০৯	২২.১৯	২২.১৯	২২.১৯
২০০৯-১০	**৪৬.৫১**	**৪৬.৫১**	**৪৬.৫১**
২০১০-১১	**২৪.২১**	**২৪.২১**	**২৪.২১**
২০১১-১২	**৩৭.৮৬**	**৩৭.৮৬**	**৩৭.৮৬**
২০১২-১৩	**১০.০০**	**১০.০০**	**১০.০০**
২০১৩-১৪	**১৪৮১.০০**	**১৪৮১.০০**	**১২২১.৪৩**
মোট =	**১৬৩৯.৯৬**	**১৬৩৯.৯৬**	**১৩৮০.৩৯**

১৪। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ

গত **২৪** ডিসেম্বর, ২০১৫ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক (বিজ্ঞান) মোঃ ইব্রাহীম খলিল কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে পরিদর্শনে সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:


- প্রকল্পের আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের জন্য একটি 4D Movie with installation, একটি Thriller Rider with Mover এবং একটি Indoor Laser Show সহ সর্বমোট ১৭ টি বিভিন্ন ধরণের বৈজ্ঞানিক প্রদর্শনী বস্তু আর্ন্তজাতিক দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। এছাড়া, স্থানীয়ভাবে দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে ৮টি বৈজ্ঞানিক প্রদর্শনী বস্তু, অফিস সরঞ্জাম, আসবাবপত্র এবং কম্পিউটার ও যন্ত্রাংশ সংগ্রহ করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক ধারণকৃত এতদ্‌সংক্রান্ত কয়েকটি স্থিরচিত্র নিম্নে দেয়া হ'ল:

















১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহকে আধুনিকীকরণ;	● এই উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে ১৭ টি বৈদেশিক এবং ৮টি স্থানীয় বৈজ্ঞানিক প্রদর্শনী বস্তু সংগ্রহ করা হয়েছে। তন্মেধ্যে Thriller Rider with Prime Mover বাদে বাকীগুলো গ্যালারীতে স্থাপন করা হয়েছে এবং দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করা হয়েছে। উক্ত প্রদর্শনী বস্তুসমূহ দেখতে দেশের বিভিন্ন প্রান্ত হতে দর্শনার্থী বিশেষ করে স্কুলের ছা ত্র/ছাত্রী গণ জাদুঘরে আসছেন এবং উপভোগ করছেন।	প্রকল্পের আওতায় ২.৩১ কোটি টাকা ব্যয়ে সংগৃহীত গুরুত্বপূর্ণ Thriller Rider with Prime Mover নিয়ে জটিলতা সৃষ্টি হওয়ায় এবং তদপ্রেক্ষিতে হাইকোর্টের স্থগিতাদেশের প্রেক্ষিতে এটি চালু করা সম্ভব হয়নি যা প্রকল্পের শতভাগ উদ্দেশ্য অর্জনকে প্রশ্নবিদ্ধ করেছে।

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
আকর্ষণীয় ও আয়ের উৎস বৃদ্ধিমূলক প্রদর্শনীবস্তু সংগ্রহ ও স্থাপনের মাধ্যমে বিজ্ঞান জাদুঘরকে অধিকতর কার্যক্ষমকরণ; এবং	• বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর দর্শনার্থীদের নিকট টিকিট বিক্রির মাধ্যমে প্রাপ্ত অর্থ সরকারী কোষাগারে জামাদানের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে অবদান রাখছে। দর্শনার্থীগণ ১০ টাকার টিকেট ক্রয় করে নতুন এসকল প্রদর্শনী বস্তু দেখতে পাবে। 3D Movie দেখতে প্রত্যেক দর্শনার্থীকে পৃথক ভাবে ৪০ টাকার টিকেট ক্রয় করতে হবে। এছাড়া, প্রতি শনিবার ও রবিবার শক্তিশালী টেলিস্কোপের মাধ্যমে আকাশ দেখার জন্য প্রত্যেক দর্শনার্থীকে ১০ টাকার টিকেট ক্রয় করতে হবে।	
আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক প্রকল্পের মান উন্নয়ন।	• আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিভিন্ন বিজ্ঞান ক্লাবকে ১০ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।	

১৬। <u>প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:</u>

দরপত্র সংক্রা **ন্ত** নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক দরপত্র বিজ্ঞপ্তি থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজের ক্রয় প্রক্রিয়া ও বাস্তবায়ন পর্যালোচনা করা হয়:

GD-লট-১: আলোচ্য প্রকল্পের আওতায় **লট-১** এর (১৫টি) প্রদর্শনীবস্তু সমূহ ক্রয়ের লক্ষ্যে ০৯/০২/২০১২ তারিখ "দৈনিক সমকাল" এবং ১০/০২/২০১২ তারিখে "The Daily Star" পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্রাপ্ত দরপত্র প্রস্তাব সমূহ ০৯/০৪/২০১২ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় উন্মুক্ত করা হয়। পরবর্তীতে দরপত্র সমূহ মূল্যায়ন করে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য ১৯/০৪/২০১২ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে মন্ত্রণালয় তা অনুমোদন না করে দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি অবলম্বন করার জন্য নির্দেশনা প্রদান করে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আহ্বানকৃত দরপত্র বাতিল করে দুই পর্যায় বিশিষ্ট পুনঃ দরপত্র আহ্বান করলে একটি ঠিকাদারী প্রতিষ্ঠান (Link Engineering) হাইকোর্টে রিট আবেদন করে এবং তদপ্রেক্ষিতে মহামান্য হাইকোট উক্ত ক্রয় কাজের উপর ১৩ মাসের স্থগিতাদেশ দেন। স্থগিতাদেশ বহাল থাকাবস্থায় মাননীয় হাইকোর্ট ডিভিশন উভয় পক্ষের শুনানী শেষে গত ১১.০৩.২০১৩ তারিখে পিটিশনারের পক্ষে Rule absolute করে রায় প্রদান করেন। মাননীয় আদালতের রায়ের আলোকে মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে দরপত্র মূল্যায়ন কমিটির (TEC) সুপারিশকৃত Link Engineering, 726-2, Myunmok, 4, Dong Joongnango-gu, Seoul, Korea স্থানীয় প্রতিনিধি : ACME Traders Ahsan Plaza (2nd Floor), 56, New Eskaton Road, Ramna, Dhaka-1000) বরাবর ১৬/০৬/২০১৩ তারিখে Notification of Award (NOA) ইস্যু করা হয় এবং ০৭/০৭/২০১৩ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। এ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশী সময় ব্যয় হয়েছে প্রতীয়মান হয়।

<u>GD-লট-২ (4D Movie with installation) এবং লট-৩ (Thrillar Rider with prime mover):</u> ৩ টি প্রদর্শনীবস্তু ক্রয়ের উদ্দেশ্যে দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির ১ম ধাপ (Technicial offer) হিসাবে গত ১৮.০৬.২০১২ তারিখে "সমকাল" এবং ২০.০৬.২০১২ তারিখে "দি ডেইলী স্টার" পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এবং ০২/০৮/২০১২ তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ উন্মুক্ত করা হয়। পরবর্তীতে দরপত্র মূল্যায়ন কমিটির প্রাথমিক মূল্যায়ন, কারিগরী সাব-কমিটির সুপারিশ গ্রহণ এবং দরপত্র মূল্যায়ন

কমিটির চূড়ান্ত মূল্যায়ন শেষে মূল্যায়ন কমিটির প্রতিবেদন ২০/০৯/২০১২ তারিখে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর যোগ্য বিবেচিত দুটি প্রতিষ্ঠান Financial offer দাখিল করে যা উন্মুক্তকরণের জন্য ২২.১১.২০১২ তারিখ ধার্য্য ছিল। ইতোমধ্যে ১ম পর্যায়ে Non-Responsive ঘোষিত দু'টি প্রতিষ্ঠানের অন্যতম Apollo Technologies মাননীয় হাইকোর্ট ডিভিশনে একটি রীট পিটিশন দাখিল করে। মাননীয় হাইকোট ২১.১১.২০১২ তারিখে রুলনিশি জারী করেন। এপ্রেক্ষিতে,আর্থিক প্রস্তাবের খাম উন্মুক্ত করে দরপত্র কার্যক্রম অব্যাহত রাখা যাবে কিনা সে বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে আইন মন্ত্রণালয়ের সলিসিটর উইংয়ের মতামত চাওয়া হয়। সলিসিটর উইং থেকে ইতিবাচক আইনগত মতামত পাওয়ার প্রেক্ষিতে Financial offer ১৬.০৫.২০১৩ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য ২০.০৫.২০১৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা ৩০.০৫.২০১৩ তারিখে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রশাসনিক মন্ত্রণালয় কারিগরিভাবে Responsive এবং সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান SANY 5D di Marini Simone, Via Molise, 6-Cascina, 56021 PISA- Italy. (Local Agent: ACME Traders, Ahsan Plaza 2nd Floor, 56, New Eskaton Road, Ramna, Dhaka-1000)-কে কার্যাদেশ প্রদানের অনুমতি প্রদান করে। মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে ০৯/০৬/২০১৩ তারিখ Notification of Award (NOA) ইস্যু করা হয় এবং ১৮/০৬/২০১৩ তারিখে SANY 5D di Marini Simone এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। এ ক্ষেত্রেও ক্রয় প্র ক্রিয়া সম্পন্ন করতে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী সময় ব্যয় হয়েছে প্রতীয়মান হয়।

- **<u>সামগ্রিক পর্যালোচনা :</u>**

  - টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে বহি:সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।
  - টেন্ডার বিজ্ঞপ্তি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়েছে।
  - দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে নি র্ধারিত সময়ের চেয়ে অধিক সময় ব্যয় হয়েছে যা প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার সৃষ্টি করেছে।

১৭। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব (Impact):

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- দর্শনার্থীদের নিকট জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে আরও আকর্ষণীয় করার জন্য সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ করা হয়েছে। ফলে ছাত্রী-ছাত্রী তথা আপামর জনসাধারণকে সায়েন্টিফিক এক্সিবিটস এর মাধ্যমে জ্ঞান আহরণ করে বিজ্ঞান শিক্ষার প্রতি আকৃষ্ট করার সুযোগ সৃষ্টি হয়েছে;
- ছাত্র-ছাত্রী ও শিশুদের তথা জনসাধারণের নিকট বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর একটি বৈজ্ঞানিক জ্ঞান আহরণ ও বিনোদনের মাধ্যমে শিক্ষা কেন্দ্রে পরিণত হয়েছে।
- প্রকল্পের আওতায় সংগৃহীত সায়েন্টিফিক এক্সিবিটস চালু করার পর দর্শনার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। ফলে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের আয় বৃদ্ধি পেয়েছে বলে সংশ্লিস্ট কর্তৃপক্ষ পরিদর্শনকারী কর্মকর্তাকে অবহিত করেন। বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের দেয়া তথ্য মতে, গত জুলাই,২০১৪ হতে নভেম্বর,২০১৪ পর্যন্ত টিকেট বিক্রি বাবদ আয় ছিল ৩,৯১,৯৮৪ টাকা। অন্যদিকে প্রকল্প বাস্তবায়নের পর অর্থাৎ নতুন সায়েন্টিফিক এক্সিবিটস চালু হওয়ার পর অর্থাৎ জুলাই, ২০১৫ হতে নভেম্বর, ২০১৫ পর্যন্ত আয় হয়েছে ১২,৫২,৩৩৮ টাকা। উক্ত তুলনামূলক পরিসংখ্যান থেকে দেখা যায় যে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের আয় প্রায় ৪ গুণ বৃদ্ধি পেয়েছে।

১৮। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:

Sustainability নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে:

- দর্শনার্থীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে নতুন সংযোজিত বৈজ্ঞানিক এক্সিবিটস সম্পর্কে প্রচার চালানো ;
- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স বাজেটের যথোপযুক্ত ব্যয়; এবং
- সেবার মান বৃদ্ধি।

১৯। বাস্তবায়ন সমস্যাদিঃ

১৯.১ **প্রকল্পের আওতায় ক্রয়কৃত Thriller Rider with Prime Mover বুঝে নেয়ার জন্য গঠিত Receiving Committee'র দায়িত্ব পালনে গাফিলতিঃ** প্রকল্পের আওতায় ২.৩১ কোটি টাকা ব্যয়ে একটি Thriller Rider with Prime Mover ক্রয় করা হয়েছে। উক্ত ক্রয় কৃত মেশিন বুঝে নেয়ার জন্য তিন সদস্য বিশিষ্ট একটি Receiving কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটি আলোচ্য ইকুইপমেন্টটি পরীক্ষা নিরীক্ষা করে প্রত্যয়ন করে যে , উল্লেখিত Thriller Rider with Prime Moverটি কারিগরী বিনির্দেশ অনুযায়ী সঠিকভাবে সরবরাহ ও স্থাপন করা হয়েছে এবং তদপ্রেক্ষিতে ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রাপ্তি স্বীকার পত্র দেয়া হয়। উক্ত ইকুইপমেন্টটি বুঝে নেয়ার পর আবিষ্কৃত হয় যে , Thriller Rider এর Prime Mover টি ইতিমধ্যে ৫৪৪৩ কিলোমিটার চলেছে। অথচ চুক্তিপত্রের শর্ত অনুযায়ী কারিগরী বিনির্দেশ মোতাবেক ব্রান্ড নিউ Thriller Rider with Prime Mover সরবরাহ করার কথা ছিল। পরবর্তীতে সরবরাহকারী প্রতিষ্ঠানকে উল্লেখিত Prime Mover টি পুনঃস্থাপন করার অনুরোধ জানানো হলে সরবরাহকারী প্রতিষ্ঠান অপারগতা প্রকাশ করে। সেপ্রেক্ষিতে এ বিষয়ে সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে মা মলা করা হয় এবং হাইকোর্ট উল্লেখিত ইকুইপমেন্ট পরিচালনায় স্থগিতাদেশ প্রদান করে। সার্বিক দিক বিবেচনা করে প্রতীয়মান হয় যে, Receiving কমিটি Prime Moverটি গ্রহনের ক্ষেত্রে দায়িত্বশীলতার পরিচয় দেয়নি।

১৯.২. **সরকারী অর্থের অপচয়ঃ** Receiving Committee'র গাফিলতি এবং ম হামান্য হাইকোর্টের স্থগিতাদেশের কারণে আলোচ্য প্রকল্পের আওতায় ২.৩১ কোটি টাকা ব্যয়ে ক্রয়কৃত Thriller Rider with Prime Mover দীর্ঘ দিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে এবং নষ্ট হওয়ার উপক্রম হয়েছে যা সরকারী অর্থের অপচয় বলে প্রতীয়মান হয়।

১৯.৩. **বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনে গরমিলঃ** আলোচ্য প্রকল্পের আওতায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য সিঙ্গাপুর ও দক্ষিণ কোরিয়ায় একটি প্রশিক্ষণ আয়োজনের জন্য মন্ত্রণালয় হতে জিও জারী করা হয়। সেপ্রেক্ষিতে দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে উক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য একটি ফার্ম নিয়োগ করা হয়। উ ক্ত ফার্মের সাথে স্বাক্ষরিত চুক্তিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে চুক্তি পত্রে শুধুমাত্র দক্ষিণ কোরিয়ায় প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি উল্লেখ করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক সরকারী আদেশে সিঙ্গাপুর ও দক্ষিণ কোরিয়ায় প্রশিক্ষণ আয়োজনের কথা থাকলেও চুক্তিপত্রে শুধুমাত্র দক্ষিণ কোরিয়া উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে উক্ত কাজের সাথে সংশ্লিস্ট কিউরেটর জনাব কাজী হাসিব উদ্দিন কোন সদুত্তর দিতে পারেননি।

১৯.৪. প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (**Time Over-run):** মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৮ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ৫ বছর (১৬৬.৬৭%) বেশি। ৩ বছরেবাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ১৬৬.৬৭% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৯.৫. **ঘন ঘন প্রকল্প পরিচালক বদলীঃ** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নে ১২ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নে দীর্ঘ সময় ব্যয় হয়েছে। এর ফলে একদিকে প্রকল্পের সুফল পেতে দীর্ঘ সময় ব্যয় হয়েছে, অন্যদিকে প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রমের মূল্য বৃদ্ধি পেয়েছে বলে প্রতীয়মান হয়।

১৯.৬. অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া : পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর ০১ বার অডিট সম্পন্ন হয়েছে এবং অডিট টীম আলোচ্য প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট ৯টি আপত্তি প্রদান করেছে যা এখনো নিষ্পন্ন করা হয়নি। আর্থিক স্বচ্ছতার স্বার্থে অত্র প্রকল্পের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করা প্রয়োজন।

১৯.৭. **যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টিকার না লাগানোঃ** প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টিকার লাগানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কেননা এতে বোঝা যাচ্ছে না যে সেগুলো এ প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে কিনা।

১৯.৮. **সিডি/ভ্যাট খ্যাতে বেশী প্রাক্কলন এবং অর্থ ব্যয় না হওয়াঃ** আলোচ্য প্রকল্পের সিডি /ভ্যাট খাতে বেশী প্রাক্কলন করা হয়েছিল। ফলে এ খাতে অধিকাংশ অর্থই অব্যয়িত রয়েছে।

১৯.৯. **Laser Show এর আসন ব্যবস্থা বাবদ স্থাপিত চেয়ারগুলোতে ধুলোবালির স্তর পড়ে আছেঃ** পরিদর্শনকালে দেখা যায় যে, জাদুঘরের গ্যালারীতে Laser Show এর আসন ব্যবস্থা বাবদ স্থাপিত চেয়ারগুলোতে ধুলোবালির স্তর পড়ে রয়েছে। এখানে Laser Show হয় বলে প্রতীয়মান হয় না। এছাড়া, চেয়ারগুলো নিয়মিতভাবে পরিষ্কার করা হয় না।

২০। সুপারিশ/ মতামত :

২০.১ আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত পুরাতন /ত্রুটিযুক্ত Thriller Rider with Prime Mover গ্রহণ করার ক্ষেত্রে Receiving Committee'র গাফিলতির বিষয়টি মন্ত্রণালয় তদন্ত করতে পারে। তদন্তে দায়িত্ব পালনে গাফিলতি প্রমাণিত হলে কমিটির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ১৯.১);

২০.২. সরকারী অর্থের সর্বোত্তম ব্যবহারের বিষয়টি বিবেচনা করে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে পুরাতন Thriller Rider with Prime Mover এর পরিবর্তে ব্রান্ড নিউ Thriller Rider with Prime Mover বুঝে নেয়ার ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ১৯.২);

২০.৩. আলোচ্য প্রকল্পের আওতায় কর্মকর্তাদের জন্য সিঙ্গাপুর ও দক্ষিণ কোরিয়ায় বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের জন্য জিএ জারী করা হলেও চুক্তিপত্রে কেন শুধুমাত্র দক্ষিণ কোরিয়া উল্লেখ করা হয়েছে মন্ত্রণালয় এ বিষয়টি খতিয়ে দেখতে পারে (অনু:১৯.৩);

২০.৪ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে পরিকল্পনা এমনভাবে করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনু:১৯.৪);

২০.৫. নির্দিষ্ট মেয়াদে প্রকল্পের সুষ্ঠ বাস্তবায়ন সম্পন্ন করার স্বার্থে ভবিষ্যতে কোন প্রকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক যেন পরিবর্তন না হয় এ বিষয়ে মন্ত্রণালয় সহ সংশ্লিস্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে (অনুচ্ছেদ ১৯.৫);

২০.৬ আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পটির অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে (অনু:১৯.৬);

২০.৭ এ প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালসমূহে স্থায়ীভাবে স্টীকার লাগানোর বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু:১৯.৭);

২০.৮. ভবিষ্যতে প্রকল্প প্রণয়ণকালে সিডি/ভ্যাট খাতে যেন সঠিক ভাবে প্রাক্কলন করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল (অনু:১৯.৮);

২০.৯. প্রকল্পের আওতায় সংগৃহীত Laser Show এর আসনসমূহ নিয়মিত ভাবে পরিষ্কার রাখা র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর দৃষ্টি আকর্ষণ করা হল (অনু:১৯.৯);

২০.১০. এ প্রকল্পের আওতায় সংগৃহীত প্রদর্শনী বস্তুসমূহ যথাযথভাবে সংরক্ষণের জন্য রাজস্ব বাজেট হতে প্রতিবছর প্রয়োজনীয় অর্থের বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং

২০.১১. অনুচ্ছেদ ২০.১ হতে ২০.১০ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শক্তিশালীকরণ প্রকল্প **(২য় সংশোধিত)**

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : **বঙ্গবন্ধু** শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শক্তিশালীকরণ প্রকল্প **(২য় সংশোধিত)।**

২। প্রশাসনিক মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।

৪। প্রকল্পের অবস্থান : বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৫৬৭৭.৩০	৬৯০৫.০০	৬৮০০.৮৪	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৩	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৪	-	জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৪	১১২৩.৫৪ (১৯.৭৯%)	১ বছর (৬৬.৬৭%)

৬। অংগ ভিত্তিক অগ্রগতি :

(লক্ষ টাকায়)

ক্র: নং	**অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম**	**একক**	**পরিকল্পিত লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
			আর্থিক	**বাস্তব পরিমাণ**	**আর্থিক (%)**	**বাস্তব পরিমাণ (%)**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
এ) রাজস্ব						
১০.	ভাতাদি	জন	৩.৮৫	৫	৩.৭৪ (৯৭.১৪%)	৫ (১০০%)
১১.	সরববাহ ও সেবা	লাম-সাম	২৭৯.৬৫	-	২৫২.৫১ (৯০.৩০%)	-

ক্র: নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক (%)	বাস্তব পরিমাণ (%)
১২.	মেরামত সংরক্ষণ	লাম-সাম	১৬.০০	-	১২.৯৮ (৮১.১৩%)	-
বি) মূলধন						
৪.	আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম	লাম-সাম	১৩৩০.০০	লাম-সাম	১৩২৯.১১ (৯৯.৯৩%)	-
৫.	ডিজিটাল এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস	টি	১২৬৯.০০	৩০	১২৬৮.০০ (৯৯.৯২%)	৩০ (১০০%)
৬.	৪০ সিটের ৫-ডি মুভি থিয়েটার	টি	৪৬০.৫০	১	৪৬০.২১ (৯৯.৯৪%)	১ (১০০%)
৭.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ছবি	টি	২০৫০.০০	১	২০৪৯.১৬ (৯৯.৯৬%)	১ (১০০%)
৮.	ই-টিকেটিং সফটওয়্যার ইনক্লুডিং এন্ট্রান্স সিস্টেম	টি	৬০.০০	১	৫৬.২৫ (৯৩.৭৫%)	১ (১০০%)
৯.	অফিস সরঞ্জাম	টি	৩৮.০০	১৫	২৭.৮৮ (৭৩.৩৭%)	১৫(১০০%)
১০.	আসবাবপত্র	টি	৪.০০	১৪	৩.৯৪ (৯৮.৫%)	১৪ (১০০%)
১১.	কম্পিউটার ও যন্ত্রাংশ	টি	১২.০০	১৬	৬.৯১ (৫৭.৫৮%)	১৫ (৯৩.৭৫%)
১২.	সিডি/ভ্যাট	লাম-সাম	১৩৮২.০০	লাম-সাম	১৩৩০.১৫ (৯৬.২৫%)	-
মোট =			**৬৯০৫.০০**		**৬৮০০.৮৪**	**৯৮.৪৯%**

৭। মূল্যায়ন পদ্ধতি (Methodology) : আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে;

- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ডিপিপি ও আরডিপিপি পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর তথ্য পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন ;
- প্রকল্প অফিসের রক্ষিত নথি পর্যালোচনা ;
- প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা ;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা এবং
- Evaluation matrix -এর ভিত্তিতে মূল্যায়ন।

৮। প্রকল্পের উদ্দেশ্য :

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর বিদ্যমান ইন্সট্রুমেন্টেশন-এর আধুনিকায়ন ও উন্নয়ন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম তৈরিকরণ;
- দর্শনার্থীদের নিকট নভোথিয়েটারকে আরও আকর্ষণীয় করার জন্য ডিজিটাল ও বৈজ্ঞানিক প্রদর্শনী সামগ্রী সংগ্রহ; এবং
- ছাত্র-ছাত্রী ও শিশুদের নিকট নভোথিয়েটারকে বৈজ্ঞানিক জ্ঞান ও বিনোদন কেন্দ্রে পরিণত করা।

৯। **প্রকল্পের পটভূমি** :

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার দেশের একমাত্র Planetarium। অনন্য স্থাপত্যশৈলী এবং আধুনিকতার সমন্বয় এই নভোথিয়েটারটিকে একটি বৈশিষ্টপূর্ণ স্থাপনায় পরিণত করেছে। ১৯৯৭ সালে নভোথিয়েটার প্রকল্প অনুমোদিত হয় এবং ১২৩ কোটি টাকা ব্যয়ে এর নির্মাণকাজ সম্পন্ন হয়। নভোথিয়েটার স্থাপনের উদ্দেশ্য ছিল দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করা। বিগত ১৫-১৬ বছরের আবর্তনে মহাকাশ বিজ্ঞান উন্নতি ও পরিবর্তনের উচ্চতর শিখরে অবস্থান নিয়েছে। ইতোমধ্যে প্লানেটেরিয়ামের যন্ত্রপাতিসমূহে ডিজিটাল ব্যবস্থা প্রবর্তিত হয়েছে। সময়ের প্রয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকেও উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে বিশ্বের অন্যান্য দেশের প্লানেটেরিয়ামের সমপর্যায়ে উন্নীত করা আবশ্যক হয়ে পড়ে। সে প্রেক্ষিতে প্রকল্পটি জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

- **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :** আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৫৬৭৭.৩০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জানুয়ারি, ২০১২ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৩১.০১.২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক গত ২৬.০৫.২০১৩ তারিখে ৫৭৫৪.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জানুয়ারি , ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির প্রথম সংশোধনী অনুমোদন করা হয়। সর্বশেষ ০৯.০১.২০১৪ তারিখে একনেক কর্তৃক জানুয়ারি , ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ৬৯০৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পটির দ্বিতীয় সংশোধনী অনুমোদন করা হয়।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্পটি বাস্তবায়নকালে ১ (এক) জন প্রকল্প পরিচালক জনাব আরশাদ হোসেন, এনডিসি (যুগ্ম-সচিব), গত ১৪/০৫/২০১২ তারিখ হতে ৩০/০৬/২০১৪ তারিখ পর্যন্ত অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন।

১১। **প্রকল্পের মূল কার্যক্রম:**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ছবি তৈরী (১টি);
- আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম;
- ডিজিটাল এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ (৩০টি);
- ৪০ সিটের ৫-ডি মুভি থিয়েটার সংগ্রহ (১টি);
- ই-টিকেটিং সফটওয়্যার ইনক্লুডিং এন্ট্রান্স সিস্টেম চালুকরণ;
- অফিস সরঞ্জাম সংগ্রহ (১৫টি);
- আসবাবপত্র সংগ্রহ (১৪টি);
- কম্পিউটার ও যন্ত্রাংশ (১৫টি)।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির মোট অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৬৯০৫.০০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে ব্যয় হয়েছে ৬৮০০.৮৪ লক্ষ টাকা (৯৮.৪৯%) এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩। আর্থিক বরাদ্দ ও ব্যয় বিশ্লেষণ:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	**সংশোধিত বরাদ্দ**	টাকা অবমুক্তি	**ব্যয়**
১	২	৩	৪
২০১১-১২	-	-	-
২০১২-১৩	১৫৭০.০০	১৫৭০.০০	১৫৬১.১৪
২০১৩-১৪	৫২৬৭.৫০	৫২৬৭.৫০	৫২৩৯.৭০
মোট =	**৬৮৩৭.৫০**	**৬৮৩৭.৫০**	**৬৮০০.৮৪**

১৪। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

গত ২৫ মে, ২০১৫ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক (বিজ্ঞান) কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

- প্রকল্পের আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈ র্ঘ্যের ১টি ডিজিটাল ছবি তৈরী, নভোথিয়েটারে আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম সম্পন্ন করণ, ৩০ টি ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ, ৪০ সিটের ১টি ৫-ডি মুভি থিয়েটার সংগ্রহ, অফিস সরঞ্জাম, আসবাবপত্র ও কম্পিউটার ও যন্ত্রাংশ সংগ্রহ করা হয়েছে এবংদর্শনার্থিদের জন্য কম্পিউটারাইজড ই-টিকেটিংসফটওয়্যার ইনক্লুডিংএন্ট্রান্স সিস্টেম চালু করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক ধারণকৃত এতদ্‌সংক্রান্ত কয়েকটি স্থিরচিত্র নিম্নে দেয়া হ'ল:



চিত্র (১):বিদ্যমান প্ল্যানেটারিয়াম যন্ত্রপাতির আপগ্রেডেশন ও ডিজিটাইজেশনের একাংশের ছবি













চিত্র (২): ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস গ্যালারির প্রবেশপথ ও কতিপয় এক্সিবিটস





চিত্র (৩): ৪০ সিটের ৫-ডি মুভি থিয়েটার



চিত্র (৪): ই-টিকেটেং সিস্টেম সার্ভার রুম



চিত্র (৫): সংগৃহীত আসবাবপত্রের একাংশ



চিত্র (৬): সংগৃহীত কম্পিউটর সংঞ্জামের নমুনা

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম;	• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম সম্পন্ন করা হয়েছে।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-কে প্রকল্পের আওতায় শক্তিশালীকরণের মাধ্যমে আপাতদৃষ্টিতে উদ্দেশ্য সফল হয়েছে। তবে প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম তৈরিকরণ;	• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম তৈরি করা হয়েছে।	
• দর্শনার্থীদের নিকট নভোথিয়েটারকে আরও আকর্ষণীয় করার জন্য ডিজিটাল এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ এবং	• দর্শনার্থীদের নিকট নভোথিয়েটারকে আরও আকর্ষণীয় করার জন্য ডিজিটাল এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ করা হয়েছে।	
• ছাত্র-ছাত্রী ও শিশুদের নিকট নভোথিয়েটারকে বৈজ্ঞানিক জ্ঞান ও বিনোদন কেন্দ্রে পরিণত করা।	• ছাত্র-ছাত্রী ও শিশুদের তথা জনসাধারণের নিকট নভোথিয়েটার একটি বৈজ্ঞানিক জ্ঞান আহরণ ও বিনোদনের কেন্দ্রে পরিণত হয়েছে।	

১৬। <u>প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:</u>

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক দরপত্র বিজ্ঞপ্তি থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজের ক্রয় প্রক্রিয়া ও বাস্তবায়ন পর্যালোচনা করা হয়:

১৬.১ <u>লট নং- GD-01</u> : লট নং- **GD-1** এর আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম কাজ ডাইরেক্ট পারচেজ মেথড (DPM) এর মাধ্যমে সম্পাদন করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ২০/০৬/২০১৩ তারিখে Goto INC. Japan এর নিকট থেকে বিদ্যমান প্ল্যানেটেরিয়াম যন্ত্রপাতির আধুনিকায়ন ও উন্নয়ন কাজ সরাসরি ক্রয়ের একটি প্রস্তাব পাও য়া যায়। উক্ত প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়নের জন্য ০২/০৭/২০১৩, ০৪/০৭/২০১৩ ও ০৭/০৭/২০১৩ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় উক্ত প্রতিষ্ঠান রেসপনসিভ/যোগ্য দরদাতা হিসেবে বিবেচিত হয়। প্রকল্প অফিস হতে গত ১৫/০৭/২০১৩ তারিখে দরদাতা প্রতিষ্ঠান Goto INC. Japan-কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ০১/০৮/২০১৩ তারিখে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ১ বছর এবং চুক্তি মূল্য ছিল ১৭৪,৮৯৪,১৬০ জাপানী ইয়েন। এ লটের আওতায় সময়মত কাজ সম্পন্ন হয়েছে।

১৬.২ **<u>লট নং- GD-02</u>** : লট নং- **GD-2** এর আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম নির্মাণ কাজ এক ধাপ দুই খাম পদ্ধতিতে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে সম্পন্ন করা হয়, যদিও আন্তর্জাতিক দরপত্রে দুই খাম পদ্ধতি নেই। এক্ষেত্রে গত ৩১/১০/২০১৩ তারিখে ডেইলী স্টার পত্রিকায় এবং দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়া দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। গত ২১/১১/২০১৩ তারিখে কারিগরি দরপত্র উন্মুক্ত করা হয়। গত ২২/১১/২০১৩ ও ২৩/১১/২০১৩ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ২৬/১১/২০১৩ তারিখে আর্থিক প্রস্তাব মূল্যায়নের জন্য দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০৩ (তিন) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় ২টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং ০২টি প্রতিষ্ঠানই রেসপনসিভ/যোগ্য দরদাতা হিসেবে বিবেচিত হয়। প্রকল্প অফিস হতে গত ২১/০১/২০১৪ তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান GOTO Inc. 4-16 Yazaki-Cho, Fuchu-Shi, Tokyo- 183-8530, Japan-কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ০১/০২/২০১৪ তারিখে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত

হয় যার মেয়াদ ছিল ১ বছর এবং চুক্তি মূল্য ছিল ২৬৩,৫০০,০০০ জাপানী ইয়েন। এক্ষেত্রে সময়মত কাজ সম্পাদিত হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। তবে উক্ত ফিল্মটি এখনো দর্শকদের জন্য উন্মুক্ত করা হয়নি । মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর উক্ত ফিল্মটি চালু হবে বলে জানা যায়।

১৬.৩ <u>লট নং-GD-03</u> : লট নং-**GD-3** এর আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর ই-টিকেটিং সফটওয়্যার ইনক্লুডিং এন্ট্রান্স সিস্টেম কাজ সম্পাদন করা হয়। উন্মুক্ত দরপত্র (OTM) এর মাধ্যমে এ লটের আওতায় উক্ত মালামাল ক্রয় করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ২৫/০৫/২০১৪ তারিখে দৈনিক জনকণ্ঠ পত্রিকায় এবং ডেইলি স্টার পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২(দুই) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। গত ০৮/০৬/২০১৪ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। গত ০৯/০৬/২০১৪ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় ৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে যার মধ্যে ৩টি প্রতিষ্ঠান রেসপনসিভ/যোগ্য দরদাতা হিসেবে বিবেচিত হয়। প্রকল্প অফিস হতে গত ১৭/০৬/২০১৪ তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান Computer World BD -কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ২৩/০৬/২০১৪ তারিখে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ১ বছর এবং চুক্তি মূল্য ছিল ৫৬,২৫,৫৬০/- টাকা। এক্ষেত্রেও সময়মত কাজ সম্পাদিত হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৬.৪ <u>লট নং-GD-04</u> : লট নং-**GD-4** এর আওতায় ৩০টি Scientific Exhibits এবং Digital Exhibits ক্রয় সম্পাদন করা হয়। আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে এ লটের আওতায় উক্ত মালামাল আমদানী করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ১২/০৩/২০১৩ তারিখে দি ডেইলি স্টার ও ১১/০৩/২০১৩ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২(দুই) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। গত ০৫/০৫/২০১৩ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। গত ০৮/০৫/২০১৩, ১৪/০৫/২০১৩ এবং ৩০/০৫/২০১৩ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় ২টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে যার মধ্যে ২টি প্রতিষ্ঠান রেসপনসিভ/যোগ্য দরদাতা হিসেবে বিবেচিত হয়। প্রকল্প অফিস হতে গত ০৪/০৬/২০১৩ তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান লিংক ইঞ্জিনিয়ারিং-কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ১৭/০৬/২০১৩ তারিখে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ১ বছর এবং চুক্তি মূল্য ছিল ১৬,১৭,৫৫১.০০ ইউএস ডলার। এক্ষেত্রেও সময়মত কাজ সম্পাদিত হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৬.৫ <u>লট নং- GD-05</u> : লট নং-**GD-5** এর আওতায় ১টি 40 Seats 5D Movie Theatre সংগ্রহ করা হয়। আন্তর্জাতিক দরপত্র (OTM) এর মাধ্যমে এ লটের আওতায় উক্ত মালামাল আমদানী করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ১২/০৩/২০১৩ তারিখে ডেইলী স্টার পত্রিকায় এবং গত ১২/০৩/২০১৩ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েবসাইটেও প্রকাশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২(দুই) জন বহি:সদস্য উপস্থিত ছিলেন। গত ০৬/০৫/২০১৩ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। গত ১০/০৫/২০১৩, ১৭/০৫/২০১৩ এবং ৩০/০৫/২০১৩ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় ৪টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে যার মধ্যে ২টি প্রতিষ্ঠান রেসপনসিভ/যোগ্য দরদাতা হিসেবে বিবেচিত হয়। প্রকল্প অফিস হতে গত ০৪/০৬/২০১৩ তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান AsiaNet Trade International Private Ltd -কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ১৮/০৬/২০১৩ তারিখে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ১ বছর এবং চুক্তি মূল্য ছিল ৪,২৫,০০০.০০ ইউরো। এ লটের আওতায় সময়মত কাজ সম্পন্ন হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

- **<u>সামগ্রিক পর্যালোচনা :</u>**
  - ❖ অধিকাংশ ক্রয় ওপেন টেন্ডারিং মেথডের মাধ্যমে সম্পাদন করা হয়েছে।
  - ❖ টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে বহি:সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।
  - ❖ টেন্ডার বিজ্ঞপ্তি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়েছে।
  - ❖ ওপেন টেন্ডারিং মেথড প্রক্রিয়ায় সর্বোচ্চ সংখ্যক দরদাতাদের মধ্য হতে মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয়েছে।
  - ❖ তবে, লট নং-**GD-2** এর জন্য আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে দুই খাম পদ্ধতি ব্যবহার করা হয়েছে যা বিধিসম্মত নয়।

১৭। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব(Impact):

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- ❖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম সম্পন্ন করা হয়েছে। এ কাজ সম্পন্ন হওয়ার ফলে প্রতিদিন প্রতি-শোতে আলাদা আলাদা ফিল্ম দেখানো হচ্ছে। এছাড়া ভবিষ্যতে নতুন নতুন সর্বশেষ নির্মিত ফিল্ম অল্প খরচে ক্রয় করে দেখানো সম্ভব হবে। উল্লেখ্য, এ কাজ সম্পন্ন হওয়ার পূর্বে প্ল্যানেটেরিয়াম চালুর পর হতে ১টি ফিল্মই প্রতিদিন প্রতিশোতে সারা বছর দেখানো হতো। কারণ উক্ত ফিল্ম পরিবর্তন করা খুবই ব্যয়বহুল ছিল। আপগ্রেডেশন অব এক্সিস্টিং ইনস্ট্রুমেন্ট সিস্টেম সম্পন্ন করার ফলে দর্শনার্থীগণের মধ্যে প্ল্যানেটেরিয়াম শো দেখার আগ্রহ অনেক বৃদ্ধি পেয়েছে।
- ❖ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম তৈরি করা হয়েছে। ফলে ছাত্রী-ছাত্রী তথা আপামর জনসাধারণ জাতির পিতার ঐতিহাসিক জীবন সংগ্রাম ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস এবং ঐতিহ্য সম্পর্কে জানতে পারবে;
- ❖ দর্শনার্থীদের নিকট নভোথিয়েটারকে আরও আকর্ষণীয় করার জন্য ডিজিটালে এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস সংগ্রহ করা হয়েছে। ফলে ছাত্রী-ছাত্রী তথা আপামর জনসাধারণ ডিজিটাল এক্সিবিটস ও সায়েন্টিফিক এক্সিবিটস এর মাধ্যমে জ্ঞান আহরণ করে বিজ্ঞান শিক্ষার প্রতি আকৃষ্ট হচ্ছে;
- ❖ ছাত্র-ছাত্রী ও শিশুদের তথা জনসাধারণের নিকট নভোথিয়েটার একটি বৈজ্ঞানিক জ্ঞান আহরণ ও বিনোদনের মাধ্যমে শিক্ষা কেন্দ্রে পরিণত হয়েছে।

১৮। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:

Sustainability নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে:

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স বাজেটের যথোপযুক্ত ব্যয়;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৯। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাদিঃ

১৯.১ **বঙ্গবন্ধুর উপর নির্মিত ফিল্মটি উদ্বোধন না হওয়াঃ** প্রকল্পের আওতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম তৈরি করা হয়েছে। এর ফলে ছাত্র-ছাত্রী তথা আপামর জনসাধারণ জাতির পিতার ঐতিহাসিক জীবন সংগ্রাম ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস এবং ঐতিহ্য সম্পর্কে জানতে পারবে। তবে ফিল্মটি এখনও দর্শকদের জন্য উন্মুক্ত করা হয়নি বলে পরিদর্শনকালে জানা যায়। এ ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হলে জানা যায় যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় বিষয়টি অবগতি আছেন এবং তিনি যে কোন সময় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ফিল্মটি উদ্বোধন করবেন। এ প্রেক্ষিতে ফিল্মটি দ্রুত উদ্বোধন করত দর্শকদের জন্য প্রদর্শণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে পরামর্শ দেয়া হয়।

১৯.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব **(Time Over-run):** মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ২ বছর ৬ মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর (৬৬.৬৭%) বেশি। ১ বছর ৬ মাসে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ৬৬.৬৭% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৯.৩ **Cost Over-run:** প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ছিল ৫৬৭৭.৩০ লক্ষ টাকা কিন্তু প্রকল্পটি বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৬৮০০.৮৪ লক্ষ টাকা যা মূল প্রাক্কলিত ব্যয় হতে ১১২৩.৫৪ লক্ষ টাকা অর্থাৎ ১৯.৭৯% বেশী।

১৯.৪ পিসিআর প্রেরণে বিলম্ব: প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৪ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মা সের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলে ও বিলম্বে প্রেরণ করা হয়। বর্ণিতাবস্থায়, বিলম্বে পিসিআর প্রেরণের কারণে প্রকল্পটির যথাসময়ে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি।

১৯.৫ এক্সটার্নাল অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া : প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর ০১ বার এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে তবে কয়েকটি অডিট আপত্তি রয়েছে যা এখনো নিষ্পন্ন করা হয়নি। আর্থিক স্বচ্ছতার স্বার্থে অত্র প্রকল্পের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করা প্রয়োজন।

১৯.৬ **যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টিকার লাগানোঃ** প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টিকার লাগানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কেননা এতে বোঝা যাচ্ছে না যে সেগুলো এ প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে কিনা।

২০। সুপারিশ/ মতামত :

২০.১ নভোথিয়েটার এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম দ্রুত দর্শকদের জন্য প্রদর্শন নিশ্চিত করবে (অনু:১৯.১);

২০.২ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে পরিকল্পনা এমনভাবে করতে হবে যাতে প্রকল্পের Cost over-run এবং Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময় ও ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনু: ১৯.২ ও ১৯.৩);

২০.৩ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে কি কারণে আইএমইডি-তে পিসিআর প্রের ণ করা হয়নি তা খতিয়ে দেখার জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো (অনু:১৯.৪);

২০.৪ আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পটির অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে (অনু:১৯.৫);

২০.৫ এ প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালসমূহে স্থায়ীভাবে স্টীকার লাগানোর বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু:১৯.৬);

২০.৬ নভোথিয়েটারের পরিচলনা ও সংরক্ষণ খাতে প্রতিবছর যথেষ্ট পরিমাণ অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে;

২০.৭ লট নং-GD-2 এর জন্য আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে দুই খাম পদ্ধতি ব্যবহারের বিষয়টি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক পরীক্ষা নীরিক্ষা করতে হবে, এবং

২০.৮ অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৭ পর্যন্ত সুপারিশসমূহ বা স্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।

চট্টগ্রাম পরমাণু শক্তি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত ঃ ডিসেম্বর, ২০১৩ ইং)

১। **প্রকল্পের নাম** ঃ চট্টগ্রাম পরমাণু শক্তি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)

২। **প্রকল্পের অবস্থান** ঃ চট্টগ্রাম

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** ঃ

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৮০৩.৫৪	**২৪৩৫.০০**	**২১৯০.২১**	জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর,২০১৩	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর,২০১৩	**৩৮৬.৬১ (২১.৪৪%)**	৪ বছর ৬ মাস ১৫০%

৬। <u>প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন</u> ঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী ডিসেম্বর, ২০১৩ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো ঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
(a) Revenue Component					
1.Supplies and Services	থোক	৭১.০০	-	৬৫.৭৮ (৯২.৬৪)	থোক
2. Consultancy	”	**৬.৮৩**	-	৬.৮৩ (১০০.০০)	”
3. Books Journal	”	**১.৯৮**	-	১.৯৮ (১০০.০০)	”
4. Repair & maintenances		**৩.০০**	-	৩.০০ (১০০.০০	”

(b) Capital Component					
Acquisition of Assests					
1. Vechile:Cabin Pick-up	সংখ্যা	২৫.০০	১	২৫.০০ (১০০.০০)	১ (১০০.০০)
2. Equipment Imported	”	২১২.২৫	৬	১৯১.৩৪ (৯০.১৪)	৬ (১০০.০০)
3. Local Equipment	”	৯১.৪৮	৯৮	৮৯.৬৫ (৯৭.৯৯)	৯৮ (১০০.০০)
4. Furniture	সংখ্যা	৫২.২৭	৩৯৪	৪৫.৯৫ (৮৭.৯০)	৩৯৪ (১০০.০০)
5. Telephone (land), Intercom system, LAN & Internet etc.	থোক	৫.০০	১৩	৪.৬০ (৯২.০০)	১৩
6. Land acquisition/ purchase. Land Transfer fee payable to CDA, Chittagong. Land Registration	একর	৬০১.০০	২	৬০১.০০ (১০০.০০)	২ (১০০.০০)
7. Construction of Building and Other Civil Works	-	১২১৪.৮৭	-	১০৬২.৩৭ (৮৭.৪৪)	-
8. Supply & Installation of 315 KVA Substation (Including PFI unit, LT, HT, Switch Gear and transformer)	সেট	৫৭.০০	১	৫৫.৩৫ (৯৭.১০)	১ (১০০.০০)
9. Supply & Installation of Heavy duty Generator 150 KVA Diesel Generator including ATS & EMDB	সেট	৩২.৩৮	১	২৮.৯৬ (৮৯.৪৩)	১ (১০০.০০)
10. CD/VAT		৪৫.৭৫	-	৮.৩৪ (১৮.২২)	-
(c) Price Contingency		১০.০০		০.০০	
(d) Physical Contingency		**৫.০০**		০.০০	
Grand Total (a+b+c+d) =		**২৪৩৫.০০**	-	**২১৯০.২১ (৮৯.৯৪%)**	-

৭। **<u>প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ</u> ঃ** প্রকল্পের বাস্তব কোন কাজ অসমাপ্ত নেই।

৮। <u>প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি</u>

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। **সাধারণ পর্যবেক্ষণঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ২৪৩৫.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ২১৯০.২১ লক্ষ টাকা যা মোট ব্যয়ে ৮৯.৯৪%।

৯.১ **প্রকল্পের পটভূমি** ঃ

বিশ্বব্যাপী বিভিন্ন পারমাণবিক দুর্ঘটনা, পারমাণবিক পরীক্ষা নিরীক্ষা, শিল্প, কৃষি ও গবেষণাতে পারমাণবিক প্রযুক্তির ব্যবহারের ফলে উৎপন্ন দুগ্ধজাত খাদ্য দ্রব্যাদি, ভোজ্য তৈল ও অন্যান্য খাদ্য সামগ্রী তেজস্ক্রিয়তার মাধ্যমে দুষিত হয়ে থাকে। ফলে যে কোন দেশ হতে আমদানিকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার পর্যায় পরীক্ষা করা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বাধ্যতামূলক করেছেন। বর্তমানে উক্ত কার্যক্রম বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চট্টগ্রামস্থ পরমাণু চিকিৎসা ও আল্ট্রাসাউন্ড কেন্দ্রের দোতালায় স্বল্প পরিসরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ এবং মনিটরিং গবেষণাগারের মাধ্যমে পরিচালিত হয়ে আসছিল। প্রতিষ্ঠার পর থেকে এর কার্যক্রম দিন দিন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। আমদানিকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা পরীক্ষণের দৈনন্দিন কার্যক্রম ছাড়াও আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার গবেষণা ও আরসিএ প্রকল্প, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এমএস, এমফিল, পিএইচডি'র গবেষণা কার্যক্রম বিশেষ করে সামুদ্রিক ও উপকুলীয় পরিবেশের তেজস্ক্রিয়তা বিষয়ক গবেষণা পরিচালনার জন্য বৃহত্তর পরিসরে একটি পূর্ণাঙ্গ গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার লক্ষ্যে সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে চট্টগ্রামে পরমাণু শক্তি কেন্দ্র স্থাপন করার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য** ঃ

- আমদানীকৃত খাদ্য ও খাদ্যজাত সামগ্রীর তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ, পরিবেশগত বিকিরণ গবেষণা, পরীক্ষণ মনিটরিং এবং তেজস্ক্রিয় দূষণ মূল্যায়ন যা বিকিরণ নিয়ন্ত্রণ ও সংশ্লিষ্ট মান উন্নয়নে সহায়ক হবে;
- জাহাজ ভাঙ্গা শিল্পের জাহাজের স্ক্র্যাপ এবং ব্যবহারকারী শিল্প কারখানাতে বিকিরণ মনিটরিং ও বিকিরণ নিরাপত্তা সংক্রান্ত বিশেষজ্ঞ সেবা প্রদান;
- চিকিৎসা, শিল্প, তেল, গ্যাস ও অন্যান্য খনিজ আহরণের কাজে ব্যবহৃত আমদানীকৃত তেজস্ক্রিয় পদার্থ পরিবহনের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদান;
- স্থল ও নৌবন্দর এবং শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয় পদার্থবাহী পণ্যের পরীক্ষায় সহায়তাকরণ; এবং
- সামুদ্রিক ও উপকূলীয় পরিবেশের তেজস্ক্রিয়তা পর্যবেক্ষণ এবং তেজস্ক্রিয় বর্জ্য ব্যবস্থাপনার কাজ সম্পাদন করা।

৯.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা** ঃ

প্রকল্পটি জুলাই, ২০০৬ থেকে জুন, ২০০৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১৮০৩.৫৪ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ৩৮২.৫৪ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের জন্য সময় মত ভূমি অধিগ্রহণ করতে না পারায় এবং বৈদেশিক যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি, রাজস্ব খাতের কয়েকটি অংগের পূণর্বিন্যাস এবং আমদানীকৃত যন্ত্রপাতির জন্য সিডি/ভ্যাট এর হ্রাস/বৃদ্ধির কারণে প্রকল্পের মেয়াদ জুলাই, ২০০৬ থেকে জুন, ২০১১ পর্যন্ত বৃদ্ধি করে মোট ২০৯২.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ২৩০.০০ লক্ষ) ব্যয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে ০৩/০২/২০১০ তারিখে প্রকল্পটি প্রথম সংশোধন করা হয়। পরবর্তীতে ০২/১০/২০১০ তারিখে শিল্প মন্ত্রণালয়ের অধীন ক্যান কোম্পানীর নিকট হতে পূর্ব নাসিরাবাদে ২ একর ভূমি অধিগ্রহণ করা হয়। ভূমি উন্নয়ন ও নির্মাণ কাজের পরিবর্তন, নির্মাণ খাতে ব্যয় বৃদ্ধি, বৈদেশিক ও স্থানীয় যন্ত্রপাতির পরিবর্তন ও ব্যয় হ্রাস, সৌর বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাস এবং সিডি/ভ্যাট হ্রাস/বৃদ্ধির কারণে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০০৬ থেকে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে মোট ২৪৩৫.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ২১২.২৫ টাকা) ব্যয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে প্রকল্পটি দ্বিতীয়বার সংশোধন করা হয়। প্রকল্পের দ্বিতীয় সংশোধিত অনুমোদিত ব্যয় ও বাস্তবায়ন মেয়াদকাল অপরিবর্তিত রেখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় গত ১০/১২/২০১৩ তারিখে প্রকল্পের আন্তঃখাত সমন্বয় করে।

৯.৪ **প্রকল্পের অর্থায়ন** ঃ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থে বাস্ত্মবায়িত হয়েছে।

৯.৪.১ প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ

গত ২৪/১০/২০১৩ তারিখে পরিচালক, আইএমইডি প্রকল্পের আওতায় নবনির্মিত চট্টগ্রাম পরমাণু শক্তি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) সমাপ্ত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ প্রকল্পের মাধ্যমে একটি নতুন ভবন নির্মাণ করে তথায় আমদানীকৃত আধুনিকমানের যন্ত্রপাতি স্থাপান করা হয়েছে। সংগৃহীত যন্ত্রপাতিসমূহ বর্তমানে সচল রয়েছে এবং ল্যাবরেটরীতে পরীক্ষা-নিরীক্ষা এবং সেবা প্রদানের কাজে ব্যবহৃত হচ্ছে। বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে আমদানিকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা পরীক্ষণের দৈনন্দিন কার্যক্রম ছাড়াও আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার গবেষণা ও আরসিএ প্রকল্প, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এমএস, এমফিল, পিএইচডি'র গবেষণা কার্যক্রম বিশেষ করে সামুদ্রিক ও উপকূলীয় পরিবেশের তেজস্ক্রিয়তা বিষয়ক গবেষণা পরিচালনার জন্য বৃহত্তর পরিসরে এ ল্যাবরেটরীটি একটি পূর্ণাঙ্গ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে সেবা প্রদান করে আসছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়। প্রকল্পের অধিকাংশ ক্রয়কার্যে উন্মুক্ত দরপদ্ধতি অনুসরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ভৌত কাজ হিসাবে পরমাণু শক্তি কেন্দ্র ভবন নির্মাণ করা হয়েছে। এরূপ প্রকল্প বাস্ত্মবায়নের ফলে সরাসরি কি ফলাফল পাওয়া গেছে এমন প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ডকুমেন্টের সমর্থনে জানান যে, উদ্দেশ্যে অনুযায়ী গবেষণার অধিকাংশ কাজ এ প্রকল্পের মাধ্যমে সফলভাবে সম্পন্ন করা যাবে।

নিম্নে প্রকল্প অফিস ও বিভিন্ন যন্ত্রপাতির ছবি দেয়া হলঃ

নির্মানাধীন ভবনের অবস্থা



নবনির্মিত ভবনের পূর্ণাঙ্গ অবস্থা



নবনির্মিত ভবনের ভিতরের অংশ

টেষ্ট রির্পোটের নমুনা সংগ্রহের কড়া





প্রকল্পের আওতায় স্থাপনকৃত যন্ত্রপাতিসমূহ





৯.৪.২ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের ডিপিপিতে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী বরাদ্দ	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তি	আর্থিক ব্যয়	বাংলাদেশ ব্যাংকে জমাকৃত অব্যয়িত অর্থ	পুর্ণ প্রকল্পের বাস্তব অগ্রগতি
১	২	৩	৪	৫	৬	৭
২০০৬-২০০৭	৭.৪৮	৭.৪৮	১২.০০	৭.৪৮	৪.৫২	০.৩১%
২০০৭-২০০৮	৫.৩৩	৫.৩৩	১০.০০	৫.৩৩	৪.৬৭	০.২২%
২০০৮-২০০৯	১.৭৪	১.৭৪	৩.৫০	১.৭৪	১.৭৬	০.০৭%
২০০৯-২০১০	৬০৪.৮৮	৬১৬.০০	৬১৬.০০	৬০৪.৮৭	১১.১৩	২৪.৮৪%
২০১০-২০১১	৬৪.০০	৬৪.০০	৬৪.০০	৬৪.০০	০	২.৬৩%
২০১১-২০১২	৫৫০.০০	৬০০.০০	৬০০.০০	৫৬৩.৩৪	৩৬.৬৬	২৩.১৪%
২০১২-২০১৩	৯৮৪.০৯	৬৫০.০০	৬৫০.০০	৬৩৬.৩৫	১৩.৬৫	২৬.১৩%
২০১৩-২০১৪ (ডিসেম্বর-২০১৩)	২১৬.৮৪	৪৫০.০০	৩৩৭.৫০	৩০৭.১০	৩০.৪০	১২.৬১%
সর্বমোট ঃ	**২৪৩৫.০০**	**২৩৯৪.৫৫**	**২২৯৩.০০**	**২১৯০.২১**	**১০২.৭৯**	**৮৯.৯৪%**

ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, সংশোধিত এডিপিতে বরাদ্দ ছিল ২৩৯৪.৫৫ লড়া টাকা এবং বিগত ০৮ বছরে অর্থ অবমুক্ত করা হয়েছে ২২৯৩.০০ লক্ষ টাকা, এর মধ্যে ব্যয় করা হয়েছে ২১৯০.২১ লক্ষ টাকা। অব্যয়িত রয়েছে ১০২.৭৯ লক্ষ টাকা। অব্যয়িত টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

৯.৫ প্রকল্পের ব্যবস্থাপনা ঃ

প্রকল্প পরিচালকের নাম	কার্যকাল		মন্তব্য
	নিয়োগের তারিখ	বদলির তারিখ	
১	২	৩	৪
ড. মনতাজুল ইসলাম পরিচালক, আরটিএমএল, চট্টগ্রাম।	২০০৬	৩১-১২-২০১০	
জনাব মাসুদ কামাল পরিচালক, আরটিএমএল, চট্টগ্রাম।	৩১-১২-২০১০	১৪-০২-২০১২	
ড. এম মইনুল ইসলাম মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার।	১৪-০৩-২০১২	৩১-১২-২০১৩	

১০| **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(১) আমদানীকৃত খাদ্য ও খাদ্যজাত সামগ্রীর তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ, পরিবেশগত বিকিরণ গবেষণা, পরীক্ষণ মনিটরিং এবং তেজস্ক্রিয় দূষণ মূল্যায়ন যা বিকিরণ নিয়ন্ত্রণ ও সংশ্লিষ্ট মান উন্নয়নে সহায়ক হবে।	(১) আমদানীকৃত খাদ্য ও খাদ্যজাত সামগ্রীর তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ, পরিবেশগত বিকিরণ গবেষণা, পরীক্ষণ মনিটরিং এবং তেজস্ক্রিয় দূষণ মূল্যায়ন ও বিকিরণ নিয়ন্ত্রণের জন্য অত্যাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ৬ (ছয়) তলা ভিত্তির উপর ২ (দুই) তলা ভবন বিশিষ্ট পরমাণু শক্তি কেন্দ্র নির্মাণ করা হয়েছে। এ কেন্দ্র উল্লেখিত উদ্দেশ্য বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করছে।
(২) জাহাজ ভাঙ্গা শিল্পের জাহাজের স্ক্র্যাপ এবং ব্যবহারকারী শিল্প কারখানাতে বিকিরণ মনিটরিং ও বিকিরণ নিরাপত্তা সংক্রান্ত বিশেষজ্ঞ সেবা প্রদান।	(২) প্রকল্পের অধীনে ক্রয়কৃত High Purity Germanium Detector ও Portable Gamma ray detector এর সাহায্য তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ ও তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারী বিভিন্ন শিল্প কারখানাতে বিকিরণ নিরাপত্তা সেবা প্রদানে সহায়ক হচ্ছে।
(৩) চিকিৎসা, শিল্প, তেল, গ্যাস ও অন্যান্য খনিজ আহরণের কাজে ব্যবহৃত আমদানীকৃত তেজস্ক্রিয় পদার্থ পরিবহণের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদান।	(৩) প্রকল্পের অধীনে ক্রয়কৃত Portable Gamma ray detector এর সাহায্য চিকিৎসা, শিল্প তেল, গ্যাস ও অন্যান্য খনিজ আহরণের কাজে ব্যবহৃত আমদানীকৃত তেজস্ক্রিয় পদার্থ পরিবহণের সময় বিকিরণ নিরাপত্তা সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।
(৪) স্থল ও নৌবন্দর এবং শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয় পদার্থ বাহী পণ্যের পরীক্ষায় সহায়তাকরণ।	(৪) প্রকল্পের অধীনে ক্রয়কৃত Portable Gamma-ray spectrometer এর সাহায্যে বিভিন্ন শিল্প কারখানা ও অন্যান্য তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারকারী প্রতিষ্ঠানে নিরাপত্তা সংক্রান্ত সেবা প্রদানে সহায়ক হচ্ছে।
(৫) সামুদিক ও উপকূলীয় পরিবেশের তেজস্ক্রিয়তা পর্যবেক্ষণ এবং তেজস্ক্রিয় বর্জ্য ব্যবস্থাপনার কাজ সম্পাদন করা।	(৫) প্রকল্পের অধীনে ক্রয়কৃত HPGe detector, Portable Gamma ray spectrometer ও Double Beam Atomic Absorption Spectrometer এর সাহায্যে সামুদ্রিক ও উপকূলীয় পরিবেশের তেজস্ক্রিয়তা পর্যবেক্ষণ ও পরিবেশগত নমুনার রাসায়নিক বিশ্লেষণ এর কাজসহ বিভিন্ন একাডেমিক কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে।

১১। **উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** উদ্দেশ্যে পুরাপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১২| **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের মাধ্যমে প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজটি পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়| এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/ লট থাকায় Random Selection এর মাধ্যমে কয়েকটি প্যাকেজ/লটের ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়|

১৩। **পিসিআর -এ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি, আসবাবপত্র এর তালিকা নিম্নরূপ :**

১৩.১ ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা (বৈদেশিক):

Sl. No.	Name of the Imported Equipment	Qty.
01.	High Purity Germanium Detector, Digital Spectrometry Analyser (DSA) with HV Unit, Amplifier, Acquisition & Analysis Software and other accessories.	2 Set
02.	Liquid Nitrogen Dewar hith withdrawal/transfer device	1 Set
03.	Portable Gamma-ray Spectrometers with 5-7 litre Dewer flask, Digital Spectrometry Analyser (DSA) with HV Unit, Amplifier, Acquisition & Analysis Software and other accessories, with notebook PC.	2 Set
04.	Double Beam Atomic Absorption Spectrophotometer (AAS)	1 Set
	Total=	**6**

১৩.২ ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা (দেশী) ঃ

Sl. No.	Name of the Purchased Equipment	Qty.	Unit
1.	Laboratory Oven	1	No
2.	Micro Oven	1	No
3.	Water Distillation Sets	1	Set
4.	Digital Balance (Wt. capacity 300-320g, Min unit mass: 0.1mg)	1	No
5.	Digital Balance (Maximum Wt. capacity 120g, Readability: 0.1mg, Reparability: 0.1 mg, Linearity: + 0.2 mg)	1	No
6.	Digesdhal Digestion Apparatus (For rapid digestion of mineral and organic samples)	2	Set
7.	Bench Type PH Meter	2	Set
8.	Autoclave	1	No
9.	Ball Grinder instead of Mortars & Pestles, Agate	1	Set
10.	Handheld GPS	2	No
11.	Hand Auger (For soil sampling) Maximum sampling depth: 5 m	1	Set
12.	Lead sheiding arrangement (two system for HPGe detector).	2	Set
13.	Lead sheiding arrangement (for one portable detector).	1	Set
14.	Desktop Computer with printer	12	Set
15.	UPS	12	Set
16.	Security system: Security camera with monitor, network, recording system	1	Set
17.	Metal detectors	2	No
18.	Computer accessories Pen drive, toner, ribbon, hard disk, cd writer, etc.	LS	No
19.	Fume Hood (S Steel) with glass door, exhaust fan, wardrobe in lower section, etc.)	3	No
20.	Dehumidifier (Capacity 15 L/day)	4	No
21.	Digital Camera (For recording of field sampling)	1	No
22.	Notebook Computer (Pentium-IV model)	1	No
23.	Online UPS (60 minute Back up)	2	No
24.	Instant Power Supply System	2	Set
25.	Photo Copier Machine Digital	2	No
26.	Air Conditioner (Split type, 3 tons)	10	Set
27.	Air Conditioner (Split type, 2.0 tons)	10	Set
28.	Vaccum Cleaner	1	Set
29.	Heavy Duty Stapler Machine	1	No
30.	Adjustable Punch Machine	1	No
31.	Impulse Sealer	2	No
32.	Desktop Programmable Digital Multimeter	1	Set
33.	Laminating machine	1	No
34.	Spiral binder	1	No
35.	Water filter: For supply of hot and cold pure drinking water	1	No
36.	Dustbins	10	No
	Total :	**98**	

১৩.৩ আসবাবপত্র ঃ

Sl. No.	Name of the Purchased Equipment	Qty.
1	Lab Table with 2 storied rack and top, 120cm x 100 cm x 30 cm x 2.5 cm wood top. Side drawer upto ground, lock.	20
2	Lab Table with 2 storied rack and formica top, and Water Basin (Size). 300 cm x 105 cm x 30cm. Concelled electrical 30 x 25 cm box. Two storied rack, each of 45cm height. Two Box Drawer under the table: 100cm wide x 25 cm height x 105 cm depth. With electrical wiring.	20
3	Lab Table with 2 storied rack and formica top. 300 cm x 105 cm x 30cm. Concelled electrical 30 x 25 cm box. Two storied rack, each of 45cm height. Two Box Drawer under the table: 100cm wide x 25 cm height x 105 cm depth. With electrical wiring.	20
4	Lab table with one sided rack 2 storied and big s.s steel basin, long head water tap for radiochemical lab. Size: 200cm x 105cm x 30 cm. Two sided Drawer box:50cm x 25 cm x 105 cm , concelled electrical box, electrical wiring, racks.	2
5	Self with Glass Sliding Door (for Keeping manuals, documents, accessories, etc). Size: 120cm x 190cm x 36 cm. Two part. Two shelf in upper part and three shelf in lower part.	20
6	Self with Glass Sliding Door to be set on the wall of the lab rooms for Keeping bottles of chemicals and allied materials. Size: 180cm wd x 160 cm ht x 60 cm dp. Two part, upper part 4 glass sliding door, lower part two big drawer and box in lower part.	10
7	Steel Almirah. Five shelf unit. Size: 900 x 500 x 1830 mm, thickness-0.8mm.	5
8	Small Table/ Computer Table Computer Table with desks, drawer, keyboard drawer. Size: 112cm L x 60 cmW x 136 cmH.	10
9	Revolving/Computer Chair with arms (for laboratory, seminar room, committee room, library	20
10	White Writing Board, 120 x 120 cm	10
11	Display Board, 120 x 120 cm	10
12	Dias (large size)	1
13	Dias Table (large size)	2
14	Dais Chair, revolving, executive, with arms and cushon	5
15	Speaker's Stand with BAEC monogram	1
16	Audience Table /Table for seminar room (one for 3 persons)	20
17	Civil Engineering drawing table	1
18	Round Conference Table (for 30 persons) with individual speaker phone, public address system with amplifier, sound box, speaker, etc.	1
19	Fixed Chair/ Seminar Chair, classroom chair, arms with velvet cushon	100
20	Full Secretariat Table, Side table. 200 cm x 110 cm with drawer, side table, 5 mm glass cover.	1
21	Chief Executive Chair	1
22	Secretariat Table. 140 cm x 80 cm. 5mm glass cover.	10
23	Executive Chair	10
24	Front Chair	20
25	Steel File cabinet	20
26	Shelf with Glass sliding door.	10
27	Sofa (Complete Set)	1
28	Book Shelf (double side open) with glass sliding door. Size: 120cm x 190cm x 36 cm.	5

29	Book Shelf (one side open) with glass sliding door. Size: 120cm x 190cm x 36 cm.	10
30	Journal Desk	2
31	Reading Table, Size: 112 cm x 70 cm x 30 cm.	10
32	Newspaper Rack	1
33	Steel Rack (Heavy, both side open). 200 cmW x 45 cmD x 180 cm H.	5
34	Steel Rack (Heavy, one side open). 200 cmW x 45 cmD x 180 cm H.	5
35	Ladder. Folded, 20 ft.	1
36	Exhaust Fan	0
37	Steel Security Volt	1
38	Table for reception and information desk	2
39	Table for security guard room	1
	Total:	**394**

১৩.৪ প্রকল্পের গাড়ি সংক্রান্ত তথ্যঃ

এ প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুসারে একটি Pickup মোট ২৫.০০ লক্ষ টাকা ব্যয়ে ক্রয় করা হয়েছে। গাড়ীটি গত ৩১-১২-২০১৩ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর প্রধান কার্যালয়ে রাজস্ব খাতে হস্তান্তর করা হয়।

১৪। **সমস্যা** ঃ

১৪.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব **(Time Over-run) ঃ** মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৭ বছর ৬ মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ৪ বছর ৬ মাস বেশী । ৩ বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ১৫০% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৪.২ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী : প্রকল্পটির বাস্তবায়নকালীন সময় (২০০৬ থেকে ডিসেম্বর ২০১৩) পর্যন্ত ৭ বছর ৬ মাসে মোট ৩ জন কর্মকর্তা খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৪.৩ **পিসিআর প্রেরণে বিলম্ব ঃ** প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে আইএমইডি'তে পিসিআর প্রেরণের বিধান রয়েছে। কিন্তু এ প্রকল্পটি ডিসেম্বর ২০১৩ সালে সমাপ্ত হলেও এ বিভাগে১০/০৮/২০১৪ তারিখে পিসিআর পাওয়া গেছে।

১৪.৪ **প্রকল্প হতে ক্রয়কৃত যানবাহন পরিবহনপুলে জমা না দেয়াঃ** প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে জমা দেয়া হয়েছে বলে পিসিআর'এ উলেস্নখ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/০১/২০০৬ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী প্রকল্পের আওতায় সরকারী অনুদানের অর্থে গৃহীত/ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর পরিবহনপুলে জমা দিতে হবে বলে বিধান থাকলেও তা করা হয়নি। গাড়িটি সরকারি পরিবহন পুলে জমা দেয়া প্রয়োজন অথবা সেটি ব্যবহারের প্রয়োজন থাকলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া জরুরি।

১৪.৫ **জনবলের অভাব:** নবনির্মিত "চট্টগ্রামে পরমাণু শক্তি কেন্দ্রটি কার্যক্ষম রাখতে রাজস্ব খাতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই বলে পরিদর্শনকালে পরিলক্ষিত হয়। জিওবি অর্থে নির্মিত অত্যাধুনিক পরমাণু শক্তি কেন্দ্রটির ল্যাবরেটরীটি Operational/ Functional রাখতে হলে প্রকল্পের আওতায় প্রস্তাবিত ৪৮টি পদ রাজস্বখাতে সৃষ্টি করা একান্ত প্রয়োজন। এছাড়া পরিদর্শনকালে দেখা যায় যে, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ঢাকা থেকে দুজন কর্মকর্তাকে বদলী করা হলেও তারা যোগদান করেননি। ফলে প্রকল্পটির উদ্দেশ্য সাধনকল্পে ল্যাবের দক্ষতা বজায় রাখতে প্রয়োজনীয় জনবল সমস্যা রয়েছে যা পরিদর্শকালে প্রতীয়মান হয়েছে।

১৫। **সুপারিশ** ঃ

১৫.১ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে।;

১৫.২ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে (অনুচ্ছেদ-১৪.১) ;

১৫.৩ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে;

১৫.৪ বাংলাদেশ সরকারের অনুদানের অর্থে নির্মিত অত্যাধুনিক "চট্টগ্রাম পরমাণু শক্তি কেন্দ্রটির ল্যাবরেটরীটি কার্যকর ও ব্যবহারোপযোগী রাখতে হলে এবং সর্বোপরি প্রকল্পটির উদ্দেশ্য সাধনকল্পে সংস্থার রাজস্ব বাজেটে প্রয়োজনীয় জনবল নিয়োগ করার বিষয়ে সংস্থা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অগ্রাধিকারভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

১৫.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়িটি সরকারি পরিবহন পুলে জমা দিতে হবে অথবা সেটি ব্যবহারের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪.৪);

১৫.৬ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের 'সমাপ্তি প্রতিবেদন' যথাসময়ে আইএমইডি-তে প্রেরণের বিষয়ে মন্ত্রণালয় কে সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ-১৪.৩);

১৫.৭ প্রকল্পের আওতায় সৃষ্ট আধুনিক ও উন্নত অবকাঠামো এবং সংগৃহীত যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে আমদানীকৃত খাদ্য ও খাদ্যজাত সামগ্রীর তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ, পরিবেশগত বিকিরণ গবেষণা, পরীক্ষণ মনিটরিং এবং তেজস্ক্রিয় দূষণ মূল্যায়ন যা বিকিরণ নিয়ন্ত্রণ এবং স্থল ও নৌবন্দর ও শুল্ক কর্তৃপক্ষকে তেজস্ক্রিয় পদার্থবাহী পণ্য ইত্যাদির সেবা প্রদান সম্পৃক্ত করে ল্যাবটেরীর মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে পরিবীক্ষণ অব্যাহত রাখতে হবে; এবং

১৫.৮ প্রকল্পটি যথা শিঘ্র External Audit সম্পন্ন করতে হবে।

১৫.৯ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৫.১-১৫. ৮ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

"Accomplishment of Essential Activities to Implement Rooppur Nuclear Power Plant (3rd Revised)

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি ঃ সেপ্টেম্বর, ২০১৩)

১। **প্রকল্পের অবস্থান** ঃ **উপজেলা- ঈশ্বরদী, জেলা- পাবনা, বিভাগ- রাজশাহী**

২। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬৭৬.৩৭	১৩৮৪.৬৯	১১৯৩.৬৬	০১/০৭/২০০৮ - ৩০/০৯/২০১১	০১/০৭/২০০৮ - ৩০/০৯/২০১৩	০১/০৭/২০০৮ - ৩০/০৯/২০১৩	-	৭৫.০০%

৫। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন ঃ**

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী **সেপ্টেম্বর, ২০১৩** সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) সংক্রান্ত বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো।

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
(ক)	**রাজস্ব :**					
	১। সরবরাহ ও সেবা	–	৬৮.৭৫	–	৪৯.৬৮ (৭২.২৬)	–
	২। সাইট লাইসেন্স	L.S	৩০০.০০	–	৩০০.০০ ১০০.০০	–
	৩। রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্পের সাইট সম্পাদিত ব্যবহারিক ও প্রকৌশল দলিলাদির হালনাগাদ ও চূড়ান্তকরন	–	২৮৪.৯৯	–	১৬৩.৩৮ (৫৭.৩২)	–
	৪। বই, জার্নাল ও প্রজেক্ট দলিলাদি ক্রয়	L.S	৫.০০	–	৪.১০ (৮২.০০)	–
	৫। মানব সম্পদ উন্নয়ন (বাংলাদেশ বহিঃ বাংলাদেশ)	NOS	৪৯৮.০০	১৬০	৪৭৮.৬২ (৯৬.১০)	১০০%
	৬। কনসালট্যান্ট		০		০	
	৭। গাড়ী ভাড়া	NOS	৩০.৪৫	২	৩০.২৪ (৯৯.৩১)	১০০%
	৮। সংস্কার/পরিবর্তন/সংযোগ/মেরামত কাজ					

৬। প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি **:**

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৮। **সাধারণ পর্যবেক্ষণ ঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৩৮৪.৬৯ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমান ১১৯৩.৬৬. লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৮৬.২০%।

৮.১ **প্রকল্পের পটভূমি** ঃ

দেশে বিদ্যুৎ উৎপদন ক্ষমতা চাহিদার তুলনায় অপ্রতুল হওয়ার কারণে দেশের অর্থনৈতিক উন্নয়ন মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আমাদের দেশের বিদ্যুৎ উৎপাদনে সার্বিক জ্বালানির অপ্রতুলতা এবং আমদানীকৃত জ্বালানির সীমাবদ্ধতা বিবেচনায় রেখে পরিবেশ বান্ধব, সাশ্রয়ী, নির্ভরযোগ্য ও জ্বালানি নিরাপত্তা প্রদানে সক্ষম জ্বালানি মিশ্রে বিদ্যুৎ উৎপাদনে পরমাণু শক্তিকে একটি গুরন্নত্বপূর্ণ বিকল্প হিসেবে জাতীয় জ্বালানি নীতিতে চিহ্নিত করা হয়েছে। দেশে বিদ্যুতের চাহিদা মেটানোর লক্ষ্যে ৬০০ মেগাওয়াট পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য প্রাথমিক পর্যায়ের অপরিহার্য কার্যাবলী সম্পাদন করার লক্ষ্যে বিবেচ্য প্রকল্প বাস্ত্মবায়নের প্রস্ত্মাব করা হয়েছে। ১৯৬১ সনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়। এ উদ্দেশ্যে পাবনার ঈশ্বরদীতে ২৯২ একর (২৬০ একর পস্নান্টের জন্য এবং ৩২ একর আবাসিক এলাকার জন্য) জমি অধিগ্রহণ করা হয় এবং আবাসিক ভবন, সাইট অফিস, রেস্ট হাউজ, অভ্যন্ত্মরীণ রাস্ত্মা, বৈদ্যুতিক সাব-স্টেশন, পাম্প হাউজ ইত্যাদি নির্মাণ করা হয়। এরপর হতে বেশ কয়েকটি সম্ভাব্যতা জরিপ পরিচালনা করা হয়। প্রত্যেক জরিপেই প্রকল্পটি কারিগরি ও আর্থিকভাবে উপযোগী বলে বিবেচিত হয়। কিন্তু অর্থায়নের অভাবে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের যথাযথ পদক্ষেপ গৃহীত হয়নি। বর্তমানে আন্ত্মর্জাতিক আণবিক শক্তি সংস্থাসহ কিছু বন্ধু প্রতীম দেশ পারমাণু বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানে এগিয়ে এসেছে। তাই মূল প্রকল্প শুরন্ন করার পূর্বে প্রাথমিক কিছু প্রয়োজনীয় কাজ সম্পাদন প্রয়োজন। বিবেচ্য প্রকল্পটি অনুমোদিত হলে প্রাথমিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি মূল প্রকল্পের কাজও আগামী অর্থ বছর থেকেই শুরন্ন করা যাবে। প্রস্ত্মাবিত প্রকল্পে সাইট বিষয়ক কারিগরি ও নিরাপত্তা বিষয়ক সমীক্ষা, Power Plant এর সঠিক আকার নির্ধারণ এবং পারমাণবিক বিদ্যুৎ সঞ্চালন উপযোগী বিদ্যুৎ সরবরাহ আইন বিষয়ক সমীক্ষা/গবেষণা পরিচালনা করা হবে। প্রযুক্তি আহরণ ও মূল প্রকল্প নির্মানের সহায়ক যাবতীয় ভৌত অকাঠামো ও পারমাণবিক নিরাপত্তা বিষয়ক অকাঠামোর উন্নয়ন এবং ইতোমধ্যে সম্পাদিত যাবতীয় কার্যাবলী হালনাগাদ করা হবে।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য** ঃ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প, ঈশ্বরদী, পাবনা-তে একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ আরম্ভ করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রারম্ভিক কার্যাদি সম্পন্ন করা হল এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এই প্রকল্পের আওতায় নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করা হবে ঃ

ক) বিদ্যুৎ উৎপাদনে সার্বিক জ্বালানি মিশ্রণ (Energy Mix)-এ পারমাণবিক শক্তি অন্ত্মর্ভুক্ত করার যৌক্তিকতা সম্পর্কিত অর্থনৈতিক এবং পরিবেশগত বিশেস্নষণ।

খ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য "সাইট সেইফটি রিপোর্ট" চুড়ান্ত্মকরণের লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা সমীক্ষা পরিচালনাসহ অতীতে সম্পাদিত কার্যাদি ও তথ্যাবলী হালনাগাদকরণ।

গ) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় Agreement/Bi-Lateral Contract সম্পাদনের উদ্যোগ গ্রহণ।

ঘ) সফলভাবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পটি বাস্ত্মবায়নে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়ন।

ঙ) প্রকল্পের এলাকা ও সাইট অফিসের অবকাঠামোগত উন্নয়ন সাধন।


৮.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা** ঃ

শিরোনাম	প্রক্কলিত ব্যয় (লক্ষ টাকা)		মেয়াদ কাল	অনুমোদনের তারিখ
	স্থানীয় মুদ্রা	বৈদেশিক মুদ্রা		
মূল ডিপিপি	৬৭৬.৩৭	০	জুলাই ২০০৮-জুন ২০১১	১৮/০৭/২০০৮
১ম সংশোধিত	১০০০.০০	০	জুলাই ২০০৮-জুন ২০১২	২০/০৪/২০১১
২য় সংশোধিত	২২১০.০০	০	জুলাই ২০০৮-ডিসেম্বর ২০১৩	৫/০৭/২০১২
৩য় সংশোধিত	১৩৮৪.৬৯	০	জুলাই ২০০৮-সেপ্টেম্বর ২০১৩	২৫/০৭/২০১৩

৮.৪ **প্রকল্পের অর্থায়ন** ঃ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থে বাস্তবায়িত হয়েছে।

৮.৪.১ প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ

গত ০১.০৩.২০১৪ তারিখে জনাব আকমল হোসেন, পরিচালক, আইএমইডি রূপপুর, পাবনায় প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম এবং ২৫.০৩.২০১৪ তারিখ প্রকল্প অফিস ঢাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে প্রকল্প সংশ্লিষ্টগণ পরিদর্শন কাজে সহায়তা করেন। পরিদর্শনে প্রতীয়মান হয় যে, বাংলাদেশ সরকারের রাজস্ব খাতের বরাদ্দকৃত ডিপিপির সংস্থান অনুযায়ী প্রকল্পের প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে সরেজমিনে প্রকল্পের প্রত্যেকটি অংগের কাজ সঠিকভাবে করা হয়েছে কি না তা খতিয়ে দেখা হয়েছে। কাজের মান সার্বিক ভাবে ভাল বলে প্রতীয়মান হয়েছে। প্রকল্পের আওতায় ভৌত কাজের সার্বিক অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এরূপ প্রকল্প বাস্তবায়নের ফলে সরাসরি কি ফলাফল পাওয়া গেছে এমন প্রশ্নের জবাবে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ডকুমেন্ট প্রদর্শন করেছেন এবং তা পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। অধিকাংশ কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। নিম্নে প্রকল্প এলাকার চিত্র দেয়া হ'ল।


NPP Area
Roopur Girls' High School
Char Roopur Jomiuddin Madrasa
BBC Bazar







৮.৪.২ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের ডিপিপিতে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো ঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্ত	ব্যয়	মন্তব্য
২০০৮-২০০৯	৬৫.০০	৬৫.০০	৫৬.০৭	
২০০৯-২০১০	২০২.০০	২০২.০০	১৪১.৬৫	
২০১০-২০১১	৫৫৯.০০	৫৫৯.০০	৪৬২.২১	
২০১১-২০১২	২০০.০০	২০০.০০	১০৬.৩৮	
২০১২-২০১৩	৪৫০.০০	৪৫০.০০	৪২৭.৩৫	
২০১৩-২০১৪	০.০০	০.০০	০.০০	
মোট =	**১৪৭৬.০০**	**১৪৭৬.০০**	**১১৯৩.৬৬**	

ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, সংশোধিত এডিপিতে বরাদ্দ ছিল ১৪৭৬.০০ লক্ষ টাকা এবং বিগত ০৬ বছরে অর্থ অবমুক্ত করা হয়েছে ১৪৭৬.০০ লক্ষ টাকা এর মধ্যে ব্যয় করা হয়েছে ১১৯৩.৬৬ লক্ষ টাকা। অব্যয়িত রয়েছে ২৮২.৩৪ লক্ষ টাকা। অব্যয়িত টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

৮.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ

প্রকল্প পরিচালকের নাম	কার্যকাল			মন্তব্য
	নিয়োগের তারিখ	বদলির তারিখ	স্থায়িত্ব	
১	২	৩	৪	৫
ড. মো: শৌকত আকবর	১৬/১০/২০০৮	–	০৪ বছর ১১ মাস ১৪ দিন	

৮.৬ প্রকল্পের প্রধান প্রধান অংগের বিবরণ ঃ

৮.৬.১ সরবরাহ ও সেবা ঃ প্রকল্পের আওতায় সরবরাহ ও সেবা খাতে ডিপিপিতে বরাদ্দ ছিল ৬৮.৭৫ লক্ষ টাকা এর মধ্যে প্রকল্প সমাপ্তি পর্যন্ত ব্যয় করা হয়েছে ৪৯.৬৮ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৭২.২৬%।

৮.৬.২ রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্পের সাইট সম্পাদিত ব্যবহারিক ও প্রকৌশল দলিলাদির হালনাগাদ ও চূড়ান্তকরন ঃ অনুমোদিত ডিপিপিতে এ খাতে থোক বরাদ্দ ছিল ২৮৪.৯৯ লক্ষ টাকা এবং ব্যয় করা হয়েছে ১৬৩.৩৮ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৫৭.৩২%)। পরিদর্শনকালে দেখা যায় যে উক্ত কাজ সমূহ সঠিকভাবে চূড়ান্ত করা হয়েছে।

৮.৬.৩ বই, জার্নাল ও প্রজেক্ট দলিলাদি ক্রয় ঃ অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৫.০০ লক্ষ টাকা ব্যয়ে বই, জার্নাল ও প্রজেক্ট দলিলাদি ক্রয় সংস্থান ছিল । যার মধ্যে এ খাতে ব্যয় করা হয়েছে ৪.১০ লক্ষ টাকা (যা ০.৯ লক্ষ টাকা কম) । এ খাতের আর্থিক অগ্রগতি ৮২.০০%।

৮.৬.৪ মানব সম্পদ উন্নয়ন (বাংলাদেশ বহি: বাংলাদেশ): মানব সম্পদ উন্নয়ন (বাংলাদেশ বহি: বাংলাদেশ) খাতে ডিপিপিতে বরাদ্দছিল ৪৯৮.০০ লক্ষ টাকা প্রকল্প সমাপ্তি পর্যন্ত ব্যয় করা হয়েছে ৪৭৮.৬২ লক্ষ টাকা (৯৬.১০%)।

৮.৬.৫ গাড়ী ভাড়া ঃ প্রকল্পের অনুমোদিত ডিপিপির সংস্থানে গাড়ী ভাড়া অংগে ৩০.৪৫ লক্ষ টাকার বিপরীতে ব্যয় করা হয়েছে ৩০.২৪ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৯৯.৩১%।

৮.৬.৬ রূপপুর অবস্থিত আবাহাওয়া অফিস ভবন মেরামত ঃ এ খাতে বরাদ্দ ছিল ২.০০ লক্ষ টাকা যার মধ্যে ব্যয় করা হয়েছে ০.৯৯ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৪৯.৫০%।

৮.৬.৭ রাস্তার (কংক্রিট) ঃ রাস্তার (কংক্রিট) খাতে বরাদ্দ ছিল ১০.০০ লক্ষ টাকা যার মধ্যে ব্যয় করা হয়েছে ৪.১৪ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৪১.৪০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৮.৬.৮ ওভার হেড ট্যাংক ঃ ওভার হেড ট্যাংক খাতে ৫.০০ লক্ষ টাকার বিপরীতে ব্যয় করা হয়েছে ৩.৯৪ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৭৮.৮০%।

৮.৬.৯ পানির লাইনঃ এ খাতে ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও ব্যয় করা হয়েছে ৩.৬০ লক্ষ টাকা। বরাদ্দের তুলনায় কম টাকা ব্যয় করা হয়েছে যার আর্থিক অগ্রগতি ৩৬.০০% ও বাস্তব অগ্রগতি ১০০%।

৮.৬.১০ HT ও LT বৈদ্যুতিক কেবল ক্রয় ও স্থাপনঃ ডিপিপির সংস্থান অনুযায়ী এ খাতে বরাদ্দ ছিল ৩০.০০ লক্ষ টাকা যার মধ্যে ব্যয় করা হয়েছে ২৮.২৬ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৯৪.২০%)।

৮.৬.১১ সাব স্টেশন ভবনের সংস্কার ঃ সাব স্টেশন ভবনের সংস্কার খাতে ২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় করা হয়েছে ০.৫০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ২৫.০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৯। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(১) বিদ্যুৎ উৎপাদনে সার্বিক জ্বালানি মিশ্রণ (Energy Mix)-এ পারমাণবিক শক্তি অন্তর্ভুক্ত করার যৌক্তিকতা সম্পর্কিত অর্থনৈতিক এবং পরিবেশগত বিশেস্নষণ।	(১) বিদ্যুৎ উৎপাদনে সার্বিক জ্বালানি মিশ্রণ (Energy Mix)-এ পারমাণবিক শক্তি অন্তর্ভুক্ত করার যৌক্তিকতা সম্পর্কিত অর্থনৈতিক এবং পরিবেশগত বিশেস্নষণ করা হয়েছে।
(২) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য "সাইট সেইফটি রিপোর্ট" চুড়ান্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা সমীক্ষা পরিচালনাসহ অতীতে সম্পাদিত কার্যাদি ও তথ্যাবলী হালনাগাদকরণ।	(২) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য "সাইট সেইফটি রিপোর্ট" চুড়ান্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা সমীক্ষা পরিচালনাসহ অতীতে সম্পাদিত কার্যাদি ও তথ্যাবলী হালনাগাদকরণ করা হয়েছে।
(৩) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় Agreement/ Bi-Lateral Contract সম্পাদনের উদ্যোগ গ্রহণ।	(৩) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় Agreement/Bi-Lateral Contract সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
(৪) সফলভাবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পটি বাস্তবায়নে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়ন।	(৪) সফলভাবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পটি বাস্তবায়নে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়ন করা হয়েছে।
(৫) প্রকল্পের এলাকা ও সাইট অফিসের অবকাঠামোগত উন্নয়ন সাধন।	(৫) প্রকল্পের এলাকা ও সাইট অফিসের অবকাঠামোগত উন্নয়ন সাধন করা হয়েছে।

১০। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ** উদ্দেশ্য পুরাপুরি অর্জিত হয়েছে।

১১। প্রকল্পের ক্রয়-পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি :

ক্র: নং	ক্রয়ের প্যাকেজ/ লেট নং	ক্রয়কৃত পণ্য/কার্য/সার্ভিসের সংক্ষিপ্ত বিবরণ	ক্রয়ের পদ্ধতি ও পিপিআরএর প্রযোজ্য বিধি	মন্তব্য/সংলগ্নী নং
১।	GD6	ফটোকপিয়ার মেশিন ক্রয়	SRFQ	
২।	01	১টা 2TR Air-cooler Split ১টা 1.5 TR Air-cooler Window ১টা Refrigerator ১টা Deep freeze ১টা IPS ১টা 25” Color TV ২টা Desktop Computer ২টা Laser Printer	SRFQ	
৩।	01/2011	৬টা ডেস্কটপ কম্পিউটার ৬টা লেজার প্রিন্টার	SRFQ	
৪।	Lot 1:	Accessories	OTM	
	Lot 2:	৪টা ডেস্কটপ কম্পিউটার ৩টা ল্যাপটপ ১টা কালার লেজার প্রিন্টার ৩টা লেজার প্রিন্টার ১টা স্ক্যানার		
	Lot 3:	১টা লেমিনেটিং মেশিন ১টা স্পাইরাল বাইন্ডার		
	Lot 4:	২টা Split type Air-cooler ১টা Window type Air-cooler		
৫।		১টা ল্যাপটপ	SRFQ	
৬।	01/2012	৫টা ডেস্কটপ কম্পিউটার UPS সহ ১টা কালার লেজার প্রিন্টার ১টা A3 Size স্ক্যানার ১টা মাইক্রোওয়েভ ওভেন ১টা Splite type 1.5 TR Air-cooler ১টা 32” LCD TV ১টা 7.5 cft refrigerator	SRFQ	
৭।	02/2012	২টা ডেস্কটপ কম্পিউটার ৩টা ল্যাপটপ	SRFQ	

৮।	01/2013	৩টা ডেস্কটপ কম্পিউটার ২টা ল্যাপটপ ২টা স্ক্যানার ১টা কালার লেজার প্রিন্টার ১টা লেজার প্রিন্টার	SRFQ	
৯।		৩টা Executive টেবিল ৫টা কম্পিউটার ২টা Executive Swivel চেয়ার ৫টা কম্পিউটার চেয়ার ১০টা Visitor চেয়ার ১টা বুকসেল্ফ ২টা File কেবিনেট ১সেট তিন সিটের সোফা	OTM	
১০।	2010 (02)	৪টা Executive টেবিল ৪টা Executive Swivel চেয়ার ৫টা কম্পিউটার টেবিল ৪টা কম্পিউটার চেয়ার ১০টা Visitor চেয়ার ১টা বুকসেল্ফ ৪টা File কেবিনেট ১টা স্টিলের আলমারি ১টা Double coat (VIP) ৪টা Double coat ৩টা ড্রেসিং টেবিল ৫টা Word rove ১সেট সোফা সেট	SRFQ	
১১।	2011 (02)	৬টা Executive টেবিল ৮টা Executive Swivel চেয়ার ৫টা কম্পিউটার টেবিল ৫টা কম্পিউটার চেয়ার ১টা Visitor চেয়ার ২টা File কেবিনেট	SRFQ	
১২।	01/2013 (Group-1)	১টা Chief Executive টেবিল ৪টা Executive টেবিল ৫টা Swivel চেয়ার ১৫টা Visitor চেয়ার	SRFQ	

		৫টা File কেবিনেট ১টা স্টিলের আলমারি		
১৩।	01/2013 (Group-2)	১টা Carpet (30 sq-m) ১টা Carpet (250 sq-m)	SRFQ	
১৪।	Lot 1:	প্রজেক্ট অফিসের মেরামত	OTM	
	Lot 2:	সাইটের সীমানা পিলার দ্বারা চিহ্নিত করণ		
১৫।	Group A Lot 1:	সাইট অফিসের মেরামত	OTM	
	Lot 2:	রেষ্ট হাউজের মেরামত		
	Group B	সাব-স্টেশনের মেরামত		
১৬।		ওভার হেড ট্যাংক পাম্প হাউজ R.C.C Road নির্মাণ	SRFQ	
১৭।		গার্ড রুম, গেইট এবং সীমানা প্রাচীরের মেরামত ও সংস্কার	SRFQ	
১৮।		LT কেবল ক্রয়	সরাসরি সরকারি ক্রয় পদ্ধতির আওতায়	
১৯।		LT কেবল স্থাপন	SRFQ	
২০।	01/2013	রূপপুরে অবস্থিত আবহাওয়া অফিসের মেরামত ও সংস্কার	SRFQ	

১২। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রাদি সংক্রান্ত তথ্যাদি

ক্রঃ নং	ক্রয়কৃত যন্ত্রের বিবরণ	সংখ্যা	ক্রয়মূল্য	যন্ত্রের বর্তমান অবস্থা	মন্তব্য	বিস্তারিত বিবরণের সংলগ্নী নং
১।	ডেস্কটপ কম্পিউটার (LCD মনিটর সহ)	২৪	১১.৬৪	কর্মক্ষম	–	
২।	ল্যাপটপ	১০	১১.০০	”	–	
৩।	লেজার জেট প্রিন্টার	১৪	৩.১৫	”	–	
৪।	কালার প্রিন্টার লেজার	৩	১.৭৫	”	–	
৫।	স্ক্যানার	৪	১.৭৫	”	–	
৬।	ফটো কপিয়ার মেশিন	১	১.৯১	”	–	
৭।	মাল্টি মিডিয়া প্রজেক্টর ও প্রজেক্ট স্ক্রিন	১	০.৮০	”	–	
৮।	লেমিনেটিং মেশিন	১	০.১৪	”	–	
৯।	স্পাইরাল বাইন্ডার	১	০.০৯	”	–	
১০।	এয়ার কুলার	১১ টন	৪.৪০	”	–	

১১।	ডীপ ফ্রিজ ১০ cft	১	০.৩১	”	–	
১২।	ফ্রষ্ট বা নো-ফ্রষ্ট ফ্রিজ ৬ cft	২	০.৩৮	”	–	
১৩।	মাইক্রো ওয়েভ ওভেন	৩	০.৪৫	”	–	
১৪।	টেলিভিশন (রঙ্গিন) ২৫”	২	০.৩৩	”	–	
১৫।	বর্তমানে স্থাপিত রেস্ট হাউজের জন্য IPS		১.৭২	”	–	
	সর্বমোট যোগফল		**৩৯.৮২**			

১৩। নির্মাণ-কাজ সম্পর্কিত তথ্যাদি

ক্রঃ নং	কাজের নাম	বরাদ্দ	কর্ম পরিকল্পনা	কাজ সম্পাদনের তারিখ	বিলম্বকাল	বিলম্বের কারণ	বিস্তারিত তথ্য	মন্তব্য
১।	রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সীমারেখা কংক্রিট পিলারের সাহায্যে চিহ্নিত করণ	১২.০০ লড়া টাকা	এপ্রিল ২০০৯ – জুন ২০০৯	০৬/১১/২০০৯	০৫ মাস	স্থানীয় জনগণের সাথে site এর সীমানা নির্ধারণে বিরোধ ও মীমাংসা	–	–

১৪। প্রকল্পের অর্থ ছাড় সংক্রান্ত তথ্য ঃ

ক্রঃ নং	প্রান্তিক ও অর্থ বৎসর	চাহিদা দাখিলের তারিখ	মন্ত্রণালয়ে প্রেরণের তারিখ	অর্থ বিভাগে/পরিকল্পনা কমিশনে প্রেরণের তারিখ	বরাদ্দের তারিখ	বিলম্বকাল	মন্তব্য
১।	২০০৮-২০০৯	১ম-৩য়ঃ ৪/১২/২০০৮	৪/১২/২০০৮		২৮/১২/২০০৮		–
		৪র্থঃ ১৫/০৫/২০০৯	১৫/০৫/২০০৯		১১/০৬/২০০৯		–
২।	২০০৯-২০১০	১মঃ ৮/০৭/২০০৯	৮/০৭/২০০৯		২০/০৭/২০০৯		–
		২য়ঃ ২৬/১০/২০০৯	২৬/১০/২০০৯		০৩/১১/২০০৯		–
		৩য়ঃ ২৪/১২/২০০৯	২৪/১২/২০০৯		৩১/১২/২০০৯		–
		৪র্থঃ ২২/০৩/২০১০	২২/০৩/২০১০		২১/০৪/২০১০		–

ক্রঃ নং	প্রাক্কলিত ও অর্থ বৎসর	চাহিদা দাখিলের তারিখ	মন্ত্রণালয়ে প্রেরণের তারিখ	অর্থ বিভাগে/পরিকল্পনা কমিশনে প্রেরণের তারিখ	বরাদ্দের তারিখ	বিলম্বকাল	মন্তব্য
৩।	২০১০-২০১১	১ম-২য়ঃ ৭/০৭/২০১০	৭/০৭/২০১০		১৩/০৭/২০১০		–
		৩য়ঃ ১৫/০৯/২০১০	১৫/০৯/২০১০		২৯/০৯/২০১০		–
		৪র্থঃ ১৩/০৩/২০১১	১৩/০৩/২০১১		২৬/০৪/২০১১		–
৪।	২০১১-২০১২	১ম-৩য়ঃ ১৯/০৭/২০১১	১৯/০৭/২০১১		২৬/০৭/২০১১		–
		৪র্থঃ ১৫/০৪/২০১২	১৫/০৪/২০১২		১৪/০৫/২০১২		–
৫।	২০১২-২০১৩	১মঃ ১৫/০৭/২০১২	১৫/০৭/২০১২		২৯/০৭/২০১২		–
		২য়-৩য়ঃ ১২/১২/২০১২	১২/১২/২০১২		২৭/১২/২০১৩		–

১৫। প্রকল্পের ব্যাংক হিসাব পর্যালোচনা ঃ

ক্রঃ নং	হিসাবের শিরোনাম	খোলার তারিখ	জমাকৃত টাকা	সুদ	ব্যয়	অবশিষ্ট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	Accomplishment of Essential Activities to Implement Rooppur Nuclear Power Plant Project	১৪ জানুয়ারী, ২০০৯	১৫০৯০৪৭১০/-	৩৩০৪৭১০/-	১১৯৩৬৬০০০/-	৩,১৫,৩৮,৭১০/-	–

* অবশিষ্ট অর্থ ঃ কলাম ৫ অনুযায়ী ২০০৮-০৯ অর্থ বছর থেকে ২০১২-২০১৩ অর্থ বছর পর্যন্ত রাজস্ব ও মূলধন খাতে অব্যয়িত মোট = ২৮২৩৪০০০/- টাকা সরকারী কোষাগারে জমা/ফেরত দেয়া হয়েছে।

** ব্যাংক সুদ ঃ কলাম ৭ অনুযায়ী ২০০৮-০৯ অর্থ বছরে সরকারী কোষাগারে জমা/ফেরত =১৭১৪৯২/- টাকা এবং ২০১০-১১ অর্থ বছর থেকে ২০১২-২০১৩ অর্থ বছর পর্যন্ত ব্যাংক সুদ কমিমনের ব্যাংক হিসাব নং-৯০৩৯ এ জমা দেয়া হয়েছে ৩১৩৩২১৮/- টাকা। অর্থাৎ মোট জমা/ফেরতের পরিমান =৩৩০৪৭১০/- টাকা।

১৬। **সমস্যা** ঃ

১৬.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) ঃ মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ২ বছর বেশী (৭৫%)। ৩ বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ৭৫% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৬.২ পিসিআর প্রেরণে বিলম্ব ঃ প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে আইএমইডিতে পিসিআর প্রেরণের বিধান রয়েছে। কিন্তু এ প্রকল্পটি সেপ্টেম্বর, ২০১৩ সালে সমাপ্ত হলেও এ বিভাগে পিসিআর পাওয়া গেছে ১৮/০৩/২০১৪ তারিখে। যা কাম্য নয়।

১৭। সুপারিশ ঃ

১৭.১ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম এর মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে যা প্রসংশনীয় এবং তা অব্যাহত রাখতে হবে;

১৭.২ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে অনুমোদন প্রক্রিয়া-সংক্রান্ত কাজে যেন অস্বাভাবিক বিলম্ব না ঘটে, সে বিষয়ে সংস্থা, মন্ত্রণালয় সচেষ্ট থাকবে ;

১৭.৩ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের 'সমাপ্তি প্রতিবেদন' যথাসময়ে আইএমইডি-তে প্রেরণের বিষয়ে মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে ;

১৭.৪ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি সমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে;

১৭.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরি বীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

Establishment of Nuclear Medicine Centre & Sterile Insect Technique Unit at Cox's Bazar (1st Revision)

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ জুন, ২০১৪)

১।	**প্রকল্পের নাম**	ঃ	**Establishment of Nuclear Medicine Centre & Sterile Insect Technique Unit at Cox's Bazar (1st Revision)**
২।	**প্রকল্পের অবস্থান**	ঃ	কক্সবাজার
৩।	**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ**	ঃ	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৪।	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
৫।	**প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**	ঃ	

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪১৫.০০	**১৩৪০.০০**	**১২৭০.০৩**	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪	**(-)১৪৪.৯৫ (১০.২৪%)**	-

- মূল ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ১৪৪.৯৭ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন ঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত তথ্যানুযায়ী জুন, ২০১৪ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) সংক্রান্ত বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলোঃ

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
(a) Revenue Component					
1. Manpower					
(a) Officer	জন	৮	৩৫.৫০	৮ (১০০.০০)	২৪.০৬ (৬৭.৭৭)
(b) Staff	জন	১৫	৩৯.৫০	১৫ (১০০.০০)	৩৬.৬১ (৯২.৬৮)

Supplies and Services	-	-	-	-	-
ডিপিপি অনুযায়ী কাজের অংগ	**একক**	**ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
		বাস্তব	**আর্থিক**	**বাস্তব (%)**	**আর্থিক (%)**
1	২	৩	৪	৫	৬
2. Supplies and Services	থোক	-	১০৫.০১	-	৯১.৬০ (৮৭.২২)
3. Repair and Maintenance	থোক	-	১০.০০	-	৯.৬৯ (৯৬.৯০)
4. Books & Journals	সংখ্যা	৬০	৪.৯৯	৬০ (১০০.০০)	৪.৯৯ (১০০.০০)
(b) Capital Component					
5. Equipment:					
(a) Imported	সংখ্যা	১২	৪৯০.০০	১২ (১০০.০০)	৪৮১.৩৬ (৯৮.২৩)
(b) Local	সংখ্যা	৬২	২৪০.০০	৬২ (১০০.০০)	২৩৭.৪০ (৯৮.৯১)
6. Furniture	সংখ্যা	২০৬	২১.৬০	২০৬ (১০০.০০)	২১.৪৭ (৯৯.৩৯)
7. Vehicle (Microbus-cum-ambulance)	সংখ্যা	১	৩১.৭৬	১ (১০০.০০)	৩১.৭৫ (৯৯.৯৬)
8. Construction Works					
Construction of one storied building for S.I.T unit with two storied foundation	m^2	২৬৮.৭ m^2	৮০.০০	২৬৮.৭ m^2 (১০০.০০)	৮০.০০ (১০০.০০)
Existing building Renovation (Civil /Sanitary/Electrical works etc.)	m^2	১০৪০ m^2	১০৭.৬০	১০৪০ m^2 (১০০.০০)	১০৭.৬০ (১০০.০০)
Existing Boundary Wall Renovation	m	২৫৪	২৪.৫০	২৫৪ (১০০.০০)	২৪.৪২ (৯৯.৬৭)
Existing Approach road Renovation	m^2	৬৫০ m^2	১৫.০০	৬৫০ m^2 (১০০.০০)	১৫.০০ (১০০.০০)
External Water Supply System	সংখ্যা	১	৬.০০	১ (১০০.০০)	৫.৯৫ (৯৯.১৬)
Land Scaping and Gardening	সংখ্যা	১	৭.৫০	১ (১০০.০০)	৭.৪৫ (৯৯.৩৩)
Solar System	kw	৫	১৬.৪০	৫ (১০০.০০)	১৬.৪০ (১০০.০০)
Supply, Installation and Commissioning of 100KVA Substation including related electrical works	সংখ্যা	১	৪০.০০	১ (১০০.০০)	৪০.০০ (১০০.০০)
Sub-station & Generator room	m^2	৫৪	১৫.০০	৫৪ (১০০.০০)	১৫.০০ (১০০.০০)

Garage for vehicle	m^2	২৯	৬.০০	২৯ ১০০.০০	৬.০০ (১০০.০০)
Development Import Duty and VAT	-	-	-	-	-
10. CD/VAT	থোক	-	২৫.০০	-	১৩.২৮ (৫৩.১২)
Physical Contingency	থোক	-	৪.৬৪	-	-
Price Contingency	থোক		১৪.০০		-
Grand Total	**-**	**-**	**১৩৪০.০০**	**-**	**১২৭০.০৩ (৯৪.৭৭)**

৭। **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ ঃ** প্রকল্পের বাস্তব কোন কাজ অসমাপ্ত নেই ।

৮। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি

আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের আরডিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ Random Selection-এর ভিত্তিতে কতিপয় কাজের দরপত্র পর্যালোচনা;
- ✓ প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের নিমিত্ত সরেজমিন পরিদর্শন; এবং
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পর্যালোচনা।

৯। **সাধারণ পর্যবেক্ষণ ঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পটির সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৩৪০.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমান ১২৭০.০৩ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৯৪.৭৭%।

৯.১ প্রকল্পের পটভূমি ঃ

বিজ্ঞান ও প্রযুক্তির প্রসার একটি দেশের আর্থ- সামাজিক তথা জনগণের জীবনযাপনে চিকিৎসার উন্নয়নে বিশেষ ভূমিকা রাখে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সুস্থ ও নিরোগ মানব সম্পদের গুরুত্ব অপরিসীম। প্রথাগত (Conventional) চিকিৎসা পদ্ধতির সাথে সাথে পরমাণু চিকিৎসা প্রযুক্তির সাহায্যে সঠিকভাবে বিভিন্ন প্রকার রোগ নির্ণয় ও রোগের চিকিৎসার মাধ্যমে সেবাদানের পরিধি বৃদ্ধি এবং কক্সবাজারসহ পার্শ্ববর্তী জেলা সমূহের জনগণকে স্বল্পমূল্যে পরমাণু চিকিৎসা সেবা প্রদান ও সোনাদিয়া দ্বীপের শুটকী মাছের কীট দমনের উদ্দেশ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহন করা হয়। এ প্রকল্পের আওতায় কক্সবাজারে একটি ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সস ও একটি Sterile Insect Technique Unit স্থাপন করা হয়েছে।

৯.২ প্রকল্পের উদ্দেশ্য ঃ

আলোচ্য প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

(১) তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহারের মাধ্যমে থাইরয়েড, কিডনী, লিভার ও হাড়ের ক্যান্সারসহ বিভিন্ন ধরনের কঠিন ও জটিল রোগ নির্ণয় চিকিৎসা ও গবেষণা;

(২) কক্সবাজারের কীটপতঙ্গ দূরীকরণের জন্য একটি Sterile Insect Technique Unit স্থাপন; এবং

(৩) সোনাদিয়া দ্বীপ সহ অন্যান্য এলাকার শুষ্ক মাছের কীট দমন ।

৯.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা ঃ

বিগত ২৬-০১-২০১১ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মুল্যায়ন কমিটির সভায় প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সভার সুপারিশের আলোকে প্রকল্পের ডিপিপি পুর্নগঠন করা হয়। পুনর্গঠিত ডিপিপি জুলাই ২০১১ থেকে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের নিজস্ব সম্পদে ১৪১৫.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা মোট ৭৪০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। পরবর্তীতে মূল অনুমোদিত প্রকল্প হতে Irradiator সোর্স ক্রয়ের প্রস্তাব বাদ দিয়ে Sterile Insect Technique Unit-এর জন্য আলাদা ভবন নির্মাণের প্রস্তাবসহ প্রকল্পের বাস্তবায়নকাল অপরিবর্তিত রেখে ১৩৪০.০০ লক্ষ টাকা (বৈঃ মুদ্রাঃ ৪৯০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ডিপিপির প্রথম সংশোধন অনুমোদিত হয়।

৯.৪ প্রকল্পের অর্থায়ন ঃ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থে বাস্তবায়িত হয়েছে।

৯.৫ প্রকল্পের পরিদর্শন পর্যবেক্ষণঃ

পরিচালক, আইএমইডি গত ২৫/০৯/২০১৩ তারিখে Establishment of Nuclar Medicine Centre & Sterile Insect Technique Unit at Cox's Bazar (1st Revision) প্রকল্প এলাকা কক্সবাজার এবং ২৬/১০/২০১৪ তারিখ প্রকল্প অফিস, পরমাণু শক্তি কমিশন ঢাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ প্রকল্পটির আওতায় সম্পূর্ণ আধুনিক মানের (বৈদেশিক এবং দেশী) অধিকাংশ যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। প্রকল্প পরিচালকসহ কর্মরত কর্মকর্তাগণ প্রতিটি যন্ত্রপাতি সচল করে কিভাবে পরীড়্গা নিরীড়্গা করা হয় সে সম্পর্কে বিস্তারিত বর্ণনা দেন। পরিচালক আইএমইডি নিজেও আল্ট্রাসনোগ্রাফির মাধ্যমে যন্ত্রপাতি সঠিক ভাবে কাজ করছে কিনা তা পরীড়্গা করেন। সংগৃহীত যন্ত্রপাতিসমূহ বর্তমানে সচল রয়েছে এবং ল্যাবরেটরীতে পরীক্ষা-নিরীক্ষা এবং সেবা প্রদানের কাজে ব্যবহৃত হচ্ছে। পরিদর্শনকালে জানা যায় যে, বিদ্যুৎ না থাকলেও স্টান্ড বাই জেনারেটর দ্বারা মেশিন সচল করে রোগীর চিকিৎসা নিশ্চিত করা হচ্ছে।

প্রকল্পের আওতায় নবনির্মিত Sterile Insect Technique Unit ল্যাব স্থাপন করে তথায় আমদানীকৃত আধুনিকমানের যে যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে তা পরিদর্শন করা হয়। সংগৃহীত যন্ত্রপাতিসমূহ বর্তমানে সচল রয়েছে এবং ল্যাবরেটরীতে পরীক্ষা-নিরীক্ষা প্রদানের কাজে ব্যবহৃত হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে কক্সবাজার সমুদ্রসৈকত সহ অন্যান্য দ্বীপ এলাকা হতে কীটপতঙ্গ দূরীকরণের কার্যক্রম ব্যাপক ও সহজ ভাবে সম্পন্ন করা হবে। পরিচালক, আইএমইডি স্থাপিত যন্ত্রপাতি গুলি যে যে রন্নমে স্থাপন করা হয়েছে তা পর্যবেড়্গণ করেন। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক জানান যে, যন্ত্রপাতিগুলি স্থাপনের সময় তিনি নিজে উপস্থিত থেকে মনিটরিং করেছেন। প্রকল্পের ক্রয়কার্য উন্মুক্ত দরপদ্ধতি অনুসরণে করা হয়েছে। প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়নের ফলে উদ্দেশ্যে অনুযায়ী সফলতা পাওয়া যাবে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে। নিম্নে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস ভবন এবং নব- নির্মিত Sterile Insect Technique Unit ভবন এবং প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন যন্ত্রপাতির চিত্র দেয়া হলঃ



ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস ভবন।



Sterile Insect Technique Unit ভবন।



Thyroid Uptake System



Single Head SPECT Gamma Camera



Single Head SPECT Gamma Camera



RIA Counter



4D Color Doppler



2D Color Doppler

৯.৫.২ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের ডিপিপিতে সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী বরাদ্দ	মূল এডিপি বরাদ্দ	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	আর্থিক ব্যয়	বাংলাদেশ ব্যাংকে জমাকৃত অব্যয়িত অর্থ	পুর্ণ প্রকল্পের আর্থিক অগ্রগতি
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১১-২০১২	১২৯.৬৯	১২০.০০	১৩০.০০	১৩০.০০	১২৯.৬৯	০.৩১	৯.৬৭%
২০১২-২০১৩	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	৪৮৮.২৮	১১.৭২	৩৬.৪৪%
২০১৩-২০১৪	৭১০.৩১	৭০০.০০	৬৬৫.০০	৬৬৫.০০	৬৫২.০৬	১২.৯৪	৪৮.৬৬%
সর্বমোট ঃ	**১৩৪০.০০**	**১৩২০.০০**	**১২৯৫.০০**	**১২৯৫.০০**	**১২৭০.০৩**	২৪.৯৭	**৯৪.৭৭%**

- ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, অনুমোদিত আরডিপিপি অনুযায়ী বরাদ্দ ছিল ১৩৪০.০০ লড়্গা টাকা। বিগত ৩ বছরে অবমুক্ত করা হয়েছে ১২৯৫.০০ লড়্গা টাকা এবং এর মধ্যে ব্যয় করা হয়েছে ১২৭০.০৩ লক্ষ টাকা। অব্যয়িত রয়েছে ২৪.৯৭ লক্ষ টাকা। অব্যয়িত টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

১০। প্রকল্পের ব্যবস্থাপনা ঃ

ক্র: নং	নাম ও পদবী	পূর্নকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
১।	জনাব মোঃ জাহাঙ্গীর আলম মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা	-	✓	০১/০৭/২০১১	-

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(ক) কক্সবাজারে পরমাণু চিকিৎসা কেন্দ্র	
(১) তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহারের মাধ্যমে থাইরয়েড, কিডনী, লিভার ও হাড়ের ক্যান্সারসহ বিভিন্ন ধরনের কঠিন ও জটিল রোগ নির্ণয়ে চিকিৎসা ও গবেষণা।	ইনস্টিটিউটটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ০৩ সেপ্টেম্বর ২০১৩ খ্রি. তারিখে উদ্বোধন করা হয়েছে। বর্তমানে প্রকল্পের আওতায় সংগৃহীত অত্যাধুনিক যন্ত্রপাতির মাধ্যমে কক্সবাজার এলাকার সাধারণ জনগোষ্ঠীকে পরমাণু চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। জুন২০১৪ পর্যন্ত ৭০৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং এর থেকে আয় হচ্ছে ৫.৫০ লড়্গা টাকা।
(২) পরমাণু চিকিৎসা কেন্দ্র, চট্রগ্রামে প্রচন্ড রোগীর চাপ থাকায় অনেক রোগী চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এই বঞ্চিত রোগীদের চিকিৎসা সেবা এই কেন্দ্রের মাধ্যমে প্রদান ।	কক্সবাজার এলাকায় ইনস্টিটিউটটি স্থাপন করায় ঐ এলাকার সাধারণ জনগণের পরমাণু চিকিৎসা সেবা গ্রহণের জন্য চট্টগ্রাম যাওয়ার প্রয়োজন হচ্ছে না। তারা বর্তমানে কক্সবাজারে স্থাপিত ইনস্টিটিউট হতে পরমাণু চিকিৎসার সকল সেবা গ্রহণ করতে পারছেন।

(৩) এই কেন্দ্রের মাধ্যমে কক্সবাজারসহ পার্শ্ববর্তী জেলাসমূহের রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা ।	কক্সবাজারে ইনস্টিটিউট স্থাপিত হওয়ায় কক্সবাজার, মহেশখালী, বান্দরবনসহ আশেপাশে এলাকার সাধারণ জনগণের পরমাণু চিকিৎসা সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি হয়েছে।
(৪) অত্র এলাকার দরিদ্র জনগোষ্টিকে উন্নত পরমাণু চিকিৎসা সেবা প্রদান।	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক নির্ধারিত স্বল্প মূল্যে কক্সবাজার এলাকার দরিদ্র জনগোষ্টিকে উন্নত পরমাণু চিকিৎসা সেবা প্রদান করা হচেছ।
(৫) গবেষণা ও সেবামূলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ।	ইনস্টিটিউটের গবেষণা ও চিকিৎসা সেবা কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্পের আওতায় অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে।
(খ) Sterile Insect Technique Unit	
(১) কক্সবাজার হতে কীটপতঙ্গ দূরীকরণের জন্য একটি Sterile Insect Technique Unit স্থাপন।	কক্সবাজার হতে কীটপতঙ্গ দূরীকরণের প্রয়োজনীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ১ (এক) তলা বিশিষ্ট একটি Sterile Insect Technique Unit প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ স্থাপন করা হয়েছে।
(২) সোনাদিয়া দ্বীপ সহ অন্যান্য এলাকায় শুষ্ক মাছের কীট দমন করা।	কক্সবাজারে Sterile Insect Technique Unit স্থাপন হওয়ার ফলে সোনাদিয়া দ্বীপসহ আশেপাশের অন্যান্য এলাকার শুষ্ক মাছের কীট দমনের কার্যক্রম সহজতর হয়েছে।
(৩) সমুদ্রসৈকত সহ অন্যান্য দ্বীপ এলাকা হতে কীটপতঙ্গ দূরীকরণ করা হবে যাতে ঐ সব এলাকায় কীটনাশকের ব্যবহার ব্যতীত সবজী উৎপাদন করে রপ্তানী করে দেশের আর্থ-সামাজিক অবকাঠামোতে উলেস্নখযোগ্য অবদান রাখা যায়।	সমুদ্রসৈকত সহ অন্যান্য দ্বীপ এলাকা হতে কীটপতঙ্গ দূরীকরণের কার্যক্রম সহজ হবে যার ফলে কক্সবাজার এলাকায় কীটনাশকের ব্যবহার ব্যতীত সবজী উৎপাদন করা সম্ভব হচ্ছে।

১২। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ ঃ প্রযোজ্য নয়।

১৩। প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যঃ

ক্রয় সংক্রান্ত্ম কার্যক্রম পর্যবেড়্গানঃ

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ে Random Selection এর মাধ্যমে প্রকল্পটির আওতায় ক্রয়কৃত Single Head SPECT with accessories & Spare parts, Thyroid uptake system এবং Color Doppler with accessories & Spare parts যন্ত্রপাতিগুলি পিপিএ ২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়।

১৪। পিসিআর -এ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মাণ সক্রান্ত তথ্য/ ক্রয়কৃত যন্ত্রপাতি, আসবাবপত্র এর তালিকা নিম্নরূপ

(ক) নির্মাণ সংক্রান্ত তথ্য:

Description of items	Quantity (as per RDPP)	Quantity procured with date		Remarks
1	2	3		7
Existing building Renovation (Civil / Sanitary/ Electrical works etc.)	1040 m^2	1040 m^2	17-10-2011 24-03-2013 19-08-2013 04-12-2013	Effective steps have been taken for T.O & E
Existing Approach road Renovation	600 m^2	650 m^2	18-11-2012	
Existing Boundary Wall Renovation	400 m	79 m	20/02/12 10/03/13 15/03/13 11/05/2014	
External Water Supply	1 Unit	1 Unit	25-07-2012 04-12-2013	
Land Scaping and Gardening	1 Unit	1 Unit	19-11-2012 04-12-2013	
Solar System	5 KW	5 KW	13-11-2012	
Construction of one storied building for S.I.T Unit with two storied foundation	268.7 m^2	268.7 m^2	11-09-2013	
Supply, Installation & Commissioning of 100 KVA sub-station including related electrical works	01 Unit	01 Unit	06-02-2014	
Sub-station & generator room	54 m^2	54 m^2	21-10-2013	
Garage for vehicle	29 m^2	29 m^2	21-10-2013	

(খ) বৈদেশিক যন্ত্রপাতি ঃ

Description of items	Quantity (as per RDPP)	Quantity procured with date		Remarks
1	2	3		7
Single Head SPECT with accessories & Spare parts	2 Nos.	1 1	03-09-2012 10-11-2013	Effective steps have been taken for T.O & E
Thyroid uptake system	1 No.	1	03-09-12	
Color Doppler with accessories & Spare parts	1 No.	1	10-03-13 29-08-13	
High Resulation Ultrasound (HRUS)	1 No.	1	03-09-12	
RIA centrifuge	2 Nos.	2	23-01-13	
RIA counter Manual/Semi-auto with accessories & Spare parts	2 Nos.	1 1	03-09-12 10-11-2013	
PC Based Dose Calibrator with accessories & Spare parts	2Nos.	1 1	03-09-12 10-11-2013	
Centrifuge for SIT Unit with accessories & Spare parts	1 No.	1	10-11-2013	
Total	**12**	**12**		

(গ) স্থানীয় যন্ত্রপাতি সংক্রান্ত্ম তথ্য ঃ

Description of items	Quantity (as per RDPP)	Quantity procured with date		Remarks
1	2	3		7
Incubator	2 No.	1 1	05-05-13 04-12-13	Effective steps have been taken for T.O & E
Freeze (300-320 lit.)	2Nos.	2	19-11-12	
Freeze (Deep only)	1No.	1	19-11-12	
Desktop computer with Printer & UPS	10 Set	5 5	19-11-12 28-07-13	
Computer Network with server	1 Set	1	30-07-13	
Laptop	2 No.	2	22-10-13	
Blood collecting Certifuge	2 Nos.	2	22-10-13	
Dehumidifier	5 Nos.	5	22-10-13	
Split AC (02 ton)	08 Nos.	01 07	05-05-13 23-01-14	
Sterile fume-hood chamber	1 Set	1	26-02-12	
Electric generator 20 kVA	1 No.	1	05-08-12	
Multimedia Project with screen	1 Set	1	05-05-13	
Nuclear Secutiry System	L.S	L.S	05-08-12 23-01-14	
Diagnostic Accessories	L.S	L.S	05-08-12 23-01-14	
Water bath	1 No.	1	05-08-12	
Digital Photocopier	2 No.	1 1	19-11-12 29-07-13	
Oscilloscope	1 No.	1	19-11-12	
Electrical Tool Kit	1 Set	1	19-11-12	
Magnetic Separator	5 Nos.	5	19-11-12	
Vortex Mixer	02 Nos.	02	19-11-12	
Micropipette	5 Nos.	05	19-11-12	
Telephone Line with Set	2 Nos.	02	02-05-13	
Fax Machine Digital	1 No.	01	02-05-13	
LCD TV.	1 No.	01	02-05-13	
Digital Camera	2 Nos.	02	02-05-13	
Intercom System	1 set	01	22-10-13	
IPS 1200 VA	1 No.	01	22-10-13	
PA/Audio system	1 Set	01	23-01-14	
Radio Pharmaceutical kit, RIA KIT	L.S	L.S	02-05-13 04-08-13 04-12-13	Used for patients diagnosis
Rearing Materials and equipments	L.S	L.S	10-11-13 23-01-14	
Spare parts	L.S	L.S	24.03.14 17.04.14	
Total	62	62		

(ঘ) আসবাবপত্র সংক্রান্ত্ম তথ্য

Description of items	Quantity (as per RDPP)	Quantity procured with date		Remarks
1	2	3		7
Lab Table	4 Set	4	24-05-12	Effective steps have been taken for T.O & E
Office Table	15 Nos.	15	05-08-12	
Chair (Sitting)	15 Nos.	15	05-08-12	
Chair (Front)	35 Nos.	07 23 05	24-05-12 05-08-12 22-10-13	
Patient Waiting Chair (1 set= 3no.)	20 Set	20	05-08-12	
Conference Table	1 Set	1	05-08-12	
Conference Chair	20 Nos.	20	05-08-12	
Patient Trolly	2 Nos.	2	05-08-12	
Isotope Dispensing Trolly	1 No.	1	05-08-12	
Almirrah	10 Nos.	01 07 02	24-05-12 05-08-12 22-10-13	
File Cabinet	7 Nos.	5 2	24-05-12 22-10-13	
Rack(Library/Lab)	10 Nos.	01 09	24-05-12 05-08-12	
Library Table	2 Nos.	2	05-08-12	
Library Chair	5 Nos.	5	05-08-12	
Injection Bed	2 Nos.	2	05-08-12	
Isotope Injection chair with arm	1 No.	1	05-08-12	
Chair (Director)	1 No.	1	24-05-12	
Table (Director)	1 No.	1	24-05-12	
Table (Officer)	7 Nos.	5 2	24-05-12 22-10-13	
Chair (Officer)	7 Nos.	5 2	24-05-12 22-10-13	
Computer Table	6 Nos.	6	05-08-12	
Computer Chair	6 Nos.	6	05-08-12	
Sofa	1 Set	1	24-05-12	
Patient Bed	6 Nos.	4 2	05-08-12 22-10-13	
Wooden Table	5 Nos.	5	22-10-13	
Working tool(wooden)	15 Nos.	15	22-10-13	
Citizen Charter	1 No.	1	22-10-13	
Total	**206**			

১৫। প্রকল্পের গাড়ি সংক্রান্ত তথ্যঃ

এ প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুসারে একটি Microbus-cum-ambulance মোট ৩১.৭৫ লক্ষ টাকা ব্যয়ে গত ২৫/০৮/২০১১ তারিখে ক্রয় করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, গাড়ীটি সংস্থার রাজস্ব খাতে অন্তর্ভুক্ত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

১৬। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যাদি ঃ

পরিদর্শনকালে জানা যায় যে, আগামী ৩ ডিসেম্বর, ২০১৪ তারিখের মধ্যে প্রকল্পটির অডিট শুরূ হবে।

১৭। পর্যবেক্ষণ ঃ

১৭.১ সাধারণ জনগোষ্ঠীকে পরমাণু চিকিৎসা সেবা প্রদানঃ

প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো, সংস্কার ও স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা ব্যবহার করে কক্সবাজার এলাকায় বসবাসরত সাধারণ জনগোষ্ঠী যাতে স্বল্প ব্যয়ে পরমাণু চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে সে ব্যাপারে গণসচেতনা বৃদ্ধি করা প্রয়োজন।

১৭.২ প্রকল্পের আওতায় সৃষ্ট ভৌত অবকাঠামো, স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করাঃ

এ প্রকল্পের আওতায় সৃষ্ট ভৌত অবকাঠামো, স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার ব্যাপারে আরো উদ্যোগ নেয়া প্রয়োজন।

১৭.৩ প্রয়োজনীয় জনবল দ্বারা ল্যাবরেটরীকে কার্যক্ষম রাখা ঃ

এ প্রকল্পের আওতায় নির্মিত ল্যাবরেটরীকে কার্যক্ষম রাখতে রাজস্ব খাতে প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই। পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পে নিয়োজিত জনবল এখনও ল্যাবরেটরিকে কার্যক্রম রাখতে কাজ করছে। এ ল্যাবরেটরীটি Operational/ Functional রাখার জন্য অবিলম্বে রাজস্ব খাতের আওতায় প্রয়োজনীয় জনবল নিয়োগ করা প্রয়োজন। অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে প্রকল্পের জনবলকে সম্পৃক্ত করা যেতে পারে।

১৭.৪ শুষ্ক মাছের কীট দমনের কার্যক্রম গ্রহণঃ

কক্সবাজার সমূদ্র সৈকতের বিভিন্ন এলাকার শুষ্ক মাছের কীট দমনের কার্যক্রম ব্যাপক ও সহজ ভাবে সম্পন্ন করা এবং কীটনাশকের ব্যবহার ব্যতীত সবজি উৎপাদন ও মাছি প্রজননসহ অন্যান্য গবেষণা সার্বিকভাবে কার্যক্রম রাখা প্রয়োজন। মাছির খাবারের ট্রে-গুলি থেকে দুর্গন্ধ না ছড়ায় এবং পরিবেশ বান্ধব হয় সে দিকে লক্ষ্য রাখা প্রয়োজন।

১৮। সুপারিশ ঃ

১৮.১ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো এবং স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতিসমূহের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে (অনু: ১৭.১);

১৮.২ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিসমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো সংস্থার টিওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে (অনু: ১৭.২);

১৮.৩ এ ল্যাবরেটরীটি Operational/ Functional রাখার জন্য অবিলম্বে রাজস্ব খাতের আওতায় প্রয়োজনীয় জনবল নিয়োগ করা এবং অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে প্রকল্পের জনবলকে সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহন করতে হবে (অনু: ১৭.৩) ;

১৮.৪ শুষ্ক মাছের কীট দমনে ল্যাবে যে প্রক্রিয়ায় কীটপতঙ্গ প্রজনন করা হচ্ছে তা যেন পরিবেশের উপর বিরূপ প্রতিক্রিয়া

সৃষ্টি না করে সে দিকে বিশেষভাবে খেয়াল রাখতে হবে (অনু: ১৭.৪);

১৮.৫ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জনে সার্বিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে এ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম চলমান এবং ভবিষ্যতে গৃহীতব্য প্র কল্পসমূহ বাস্তবায়নে অনুসরণীয়। এ প্রকল্পের অভিজ্ঞতা কাজে লাগিয়ে চলমান প্রকল্পসমূহে কিভাবে অগ্রণী ভূমিকা রাখা যায় সে ব্যাপারে মন্ত্রণালয় /সংস্থা যথাযথ উদ্যোগ গ্রহণ করতে পারে;

১৮.৬ প্রকল্পটি যথাশিঘ্র Audit সম্পন্ন করে আইএমইডি ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং

১৮.৭ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৮.১-১৮. ৬ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০২ (দুই) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

১৯। <u>অন্যান্য প্রাসঙ্গিক বিষয়</u> ঃ

১৯.১ প্রকল্পটি অনুমোদিত ব্যয়ের মধ্যে নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ জাহাঙ্গীর আলম, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কে বাস্ত্মবায়ন পরিবীড়্গণ ও মূল্যায়ন বিভাগের পড়্গা থেকে অভিনন্দন জানান হল এবং

১৯.২ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পড়্গা থেকে প্রকল্প পরিচালকের দড়্গাতার স্বীকৃত সরূপ তাঁকে সম্মাননা প্রদান করা যেতে পারে।

"ইনস্টিটিউট অব ফুড এন্ড রেডিয়েশন বায়োলজি (আইএফআরবি)-এর অবকাঠামো উন্নয়ন ও দক্ষতাবৃদ্ধিকরণ (১ম সংশোধিত)"
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

১। **প্রকল্পের নাম** ঃ **"ইনস্টিটিউট অব ফুড এন্ড রেডিয়েশন বায়োলজি (আইএফআরবি)-এর অবকাঠামো উন্নয়ন ও দক্ষতাবৃদ্ধিকরণ (১ম সংশোধিত)"**

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়** ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(খ) বাস্তবায়নকারী সংস্থা ঃ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

৩। **প্রকল্প এলাকা** ঃ **সাভার, ঢাকা**

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৭	৮	৯
১৪৭৪.০০	১৭৯৬.০০	১৬৬৭.৩৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪	জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪	১৯৩.৩৩ (১৩.১২%)	০১ বছর ০৬ মাস (৫০.০০%)

৫। **অংগভিত্তিক অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমান	আর্থিক (%)	বাস্তব পরিমান
১	২	৩	৪	৫	৬	৭
ক) রাজস্বঃ						
১.	সরবরাহ ও সেবা	লাম-সাম	৮০.০০	-	৭৮.২৩ (৯৭.৭৯%)	-
২.	মিডিয়া এন্ড কেমিক্যাল	লাম-সাম	২৮৭.০০	-	২৮৭.০০ (১০০%)	-
৩.	বইপত্র ও জার্নাল	লাম-সাম	১.০০	-	১.০০ (১০০%)	-
৪.	পরামর্শক	লাম-সাম	১.৫০	-	১.৪৭ (৯৮%)	-

ক্রঃ নং	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজের অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমান	আর্থিক (%)	বাস্তব পরিমান
১	২	৩	৪	৫	৬	৭
৫.	মেরামত ও রক্ষাণাবেক্ষাণ	লাম-সাম	১০২.৫০	-	১০২.৪৯ (৯৯.৯৯%)	-
	মোট (রাজস্ব)		**৪৭২.০০**		**৪৭০.১৯ (৯৯.৬২%)**	-
খ) মূলধনঃ						
৬.	ক) বৈদেশিক যন্ত্রপাতি	টি	৫৬৮.০০	৮৫	৫৪৫.৪৩ (৯৬.০৩%)	৮০ (৯৪.১২%)
	খ) স্থানীয় যন্ত্রপাতি	টি	২১২.৯৪	৯৮	২১১.১৩ (৯৯.১৫%)	৯৮ (১০০%)
৭.	আসবাবপত্র	টি	৯০.০০	১৩১	৮৯.৫৭ (৯৯.৫২%)	১৩১ (১০০%)
৮.	পিক-আপ	টি	২৪.৫৬	১	২৪.৫৬ (১০০%)	১ (১০০%)
৯.	ভৌত নির্মাণ	বর্গমিটার	২৪০.০০	৮৮৩	২৩৯.৯৯ (৯৯.৯৯%)	৮৮৩ (১০০%)
১০.	সিডি/ভ্যাট	লাম-সাম	১৮৮.৫০	লাম-সাম	৮৬.৪৬ (৪৫.৮৭%)	১০০%
	সর্বমোট =		**১৭৯৬.০০**		**১৬৬৭.৩৩ (৯২.৮৩%)**	**৯৯.৫০%**

৬। প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) আইএফআরবি-এর R&D কর্মকান্ডের জন্য গবেষণাগারের অবকাঠামো উন্নয়ন।

খ) খাদ্য ও খাদ্যজাত দ্রব্য হতে রোগ সৃষ্টিকারী জীবাণু, ক্ষতিকর কীটপতঙ্গ এবং পরজীবি পোকা দূরীকরণ।

গ) খাদ্য ও খাদ্যজাত দ্রব্যের সংরক্ষণে বিকিরণ প্রয়োগের কারিগরি- অর্থনৈতিক/বাণিজ্যিক গ্রহণযোগ্যতা প্রদর্শন।

ঘ) বিকিরণ প্রয়োগে চিকিৎসা সামগ্রী, ঔষধ, স্বাস্থ্যসেবা উপকরণ এর স্বাস্থ্য সম্মত মান উন্নয়নকরণ।

ঙ) পেশাজীবি, নীতিনির্ধারক, ব্যবহারকারীদের মধ্যে বিকিরণ প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রচার (উক্ত প্রযুক্তির মাধ্যমে মসলা, শাকসবজি, ফল, চিকিৎসা সামগ্রীর মান উন্নয়নসহ পরিবেশ সংরক্ষণ করা সম্ভব)।

চ) পলিমার, হাইড্রোজেন, টিস্যু ব্যাংকিং এবং ফার্মাসিটিক্যাল ও ইন্ডাষ্ট্রিতে বিকিরণ প্রযুক্তির সেবাদানের উন্নয়ন।

ছ) বিএসটিআই ও কৃষি সম্প্রসারণ বিভাগের মত নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সমূহের মাধ্যমে বিকিরণ প্রযুক্তি ব্যবহারকারীর নিকট পৌঁছানো।

জ) জীব বিজ্ঞানের গবেষণায় যেমনঃ বন্ধ্যাকরণ পদ্ধতিতে কীটপতঙ্গের নিয়ন্ত্রণ করণে বহনযোগ্য গামা ইরেডিয়েশনের ব্যবহার।

৭। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশে জীববিজ্ঞানে পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ প্রয়োগ সংক্রান্ত গবেষণা ও সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের আওতায় ঢাকার সাভারে ইনস্টিটিউট অব ফুড এন্ড রেডিয়েশন বায়োলজি (আইএফআরবি) স্থাপন করা হয়। বিভিন্ন প্রকারের গবেষণা কার্যক্রমের জন্য আইএফআরবি'তে ০৮টি বিভাগ রয়েছে। এ ইনস্টিটিউটে গবেষণা ও সীমিত আকারে বিকিরণ প্রয়োগের মাধ্যমে বাণিজ্যিক সেবা প্রদানের জন্য কার্যকর গামা ইরেডিয়েটর আছে। এ ইনস্টিটিউটে নিয়োজিত বিজ্ঞানীগণ নিজস্ব গবেষণা কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের এ প্রতিষ্ঠানে তাদের উচ্চতর গবেষণা ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ ইনস্টিটিউট প্রতিষ্ঠার পর হতে বিভিন্ন সময় আন্তর্জাতিক পরমাণু সংস্থা এবং অন্যান্য সূত্র হতে প্রাপ্ত যন্ত্রপাতি ও কারিগরী সহায়তা দ্বারা আধুনিকায়ন করা হলেও বর্তমান চাহিদার তুলনায় তা একেবারেই অপ্রতুল। এ কারণেই অত্র ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রমের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং চলমান সেবার মান উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ১৪৭৪.০০ লক্ষ তন্মধ্যে বৈদেশিক মুদ্রা ৫৫০.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জুলাই ২০১০ থেকে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৩০/০৯/২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং ২৬/১০/২০১০ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারী করা হয়। পরবর্তীতে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক জুলাই ২০১০ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত অর্থাৎ ০১ (এক) বছর ০৬ (ছয়) মাস বৃদ্ধি পূর্বক প্রাক্কলিত মোট ১৭৯৬.০০ লক্ষ টাকা (বৈঃ মুদ্রাঃ ৬৭০.০০ লক্ষ টাকা) ব্যয়ে বিগত ২১/০১/২০১৩ তারিখে প্রকল্পের প্রথম সংশোধন অনুমোদিত হয়।

৯। প্রকল্প পরিচালক সর্ম্পকিত তথ্যঃ

প্রকল্পটি বাস্তবায়নকালে ০১(এক) জন প্রকল্প পরিচালক হিসেবে জনাব ড. হারুন-অর-রশীদ. অতিরিক্ত দায়িত্বে ০২/১১/২০১০ হতে ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত নিয়োজিত ছিলেন।

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

প্রকল্পটির সর্বশেষ অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১৭৯৬.০০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬৬৭.৩৩ লক্ষ টাকা (৯২.৮৩%) এবং বাস্তব অগ্রগতি ৯৯.৫০%।

১১। আর্থিক বরাদ্দ ও ব্যয় বিশেস্নষণঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ	অর্থ অবমুক্ত	ব্যয়
২০১০-২০১১	৭৫.০০	৭৫.০০	৭৪.৮৫
২০১১-২০১২	৫২০.০০	৫২০.০০	৫২০.০০
২০১২-২০১৩	৪৫০.০০	৪৫০.০০	৪৫০.০০
২০১৩-২০১৪	৩৯০.০০	৩৯০.০০	৩৯০.০০
২০১৪-২০১৫	২৯৩.০০	২৯৩.০০	২৩২.৪৮
সর্বমোট =	**১৭২৮.০০**	**১৭২৮.০০**	**১৬৬৭.৩৩**

১২। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ

গত ১৫-০৬-২০১৫ইং তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক (বিজ্ঞান) কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

- প্রকল্পের আওতায় বৈদেশিক মদ্রায় বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহ; আইএফআরবি-এর Co^{60} গামা সোর্সের Strength 33 Kci হতে 90 Kci পর্যন্ত উন্নীতকরণ; স্থানীয় মদ্রায় যন্ত্রপাতি সংগ্রহ; আসবাবপত্র সংগ্রহ; পিক-আপ সংগ্রহ; গবেষণা কাজে ব্যবহারের জন্য মিডিয়া এন্ড কেমিক্যাল সংগ্রহ; বইপত্র ও সাময়িকি সংগ্রহ; আইএফআরবি-এর মেইন বিল্ডিং এর উর্ধ্বমূখী সম্প্রসারণ; সায়েন্স স্টোর বিল্ডিং ভবন নির্মাণ; আইএফআরবি-এর মেইন বিল্ডিং এবং সার্ভিস বস্নক এর মেরামত ও রড়্গাণাবেড়্গাণ কাজ করা হয়েছে। পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক ধারণকৃত এতদ্সংক্রান্ত কয়েকটি স্থিরচিত্র নিম্নে দেয়া হ'ল:



Vertical construction of existing IFRB main building 2nd floor.



Constructed Science Store Building of IFRB

Cotrol Plan of 90 kCi Co^{60} Gamma Source of IFRB

90 kCi Co^{60} barch type gamma irradiation of IFRB

প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতির একাংশ



Cotrol Plan of 90 kCi Co^{60} Gamma Source of IFRB



90 kCi Co^{60} barch type gamma irradiation of IFRB



Incubator



Muffle Furnace



Glassware Dryer



Ice Maker





Repeair and maintenance of the main building and service block of IFRB

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত	অত্রবিভাগের মন্তব্য
• আইএফআরবি-এর R&D কর্মকান্ডের জন্য গবেষণাগারের অবকাঠামোগত উন্নয়ন।	• আইএফআরবি-এর R&D কর্মকান্ডের জন্য গবেষণাগারের অবকাঠামো, যেমনঃ পুরাতন ভবনের ভার্টিক্যাল এক্সটেনশন করে ৩য় তলায় ৫৬৭ বর্গ মিটারের নতুন গবেষণাগার নির্মাণ, তিন তলা ফাউন্ডেশনের ৩১৬ বর্গ মিটারের দোতলা নতুন সায়েন্স ষ্টোর ভবন নির্মাণ এবং অত্র ইনস্টিটিউটের ০৮টি গবেষণাগার সহ প্রায় ৩৬ বছরের পুরাতন বিল্ডিং এর মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে। এ প্রকল্পের আওতায় আইএফআরবি-এর 65 kCi ক্ষমতা সম্পন্ন গামা সোর্সের strength কমে 33 kCi-তে নেমে আসার পর রিপিন্ননিশের মাধ্যমে সোর্সের strength পুনরায় 90 kCi-তে উন্নীত করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতায় ৭৯টি বৈদেশিক যন্ত্রপাতি, ৯৮টি স্থানীয় যন্ত্রপাতি, ১৩১টি আসবাবপত্র, বই-জার্নাল ও একটি গাড়ী (পিক আপ ভ্যান) ক্রয় করা হয়েছে এবং অত্র ইনস্টিটিউটের ০৮টি বিভাগ/গবেষণাগারের জন্য চাহিদা মোতাবেক বিভিন্ন ধরনের মিডিয়া এন্ড কেমিক্যাল সংগ্রহ করে গবেষণা কার্যক্রম ও সেবা প্রদানের কাজ স্বয়ং সম্পূর্ণ ভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে।	"ইনস্টিটিউট অব ফুড এন্ড রেডিয়েশন বায়োলজি আইএফআরবি)-কে প্রকল্পের আওতায় শক্তিশালীকরণের মাধ্যমে আপাতদৃষ্টিতে উদ্দেশ্য সফল হয়েছে। তবে প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।
• খাদ্য ও খাদ্যজাত দ্রব্য হতে রোগ সৃষ্টিকারী জীবাণু, ক্ষতিকর কীটপতঙ্গ এবং পরজীবী পোকা দূরীকরণ।	• বিভিন্ন গবেষণাগারের গবেষণা স্যাম্পল এবং বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রেরিত স্যাম্পলে রোগ সৃষ্টিকারী জীবাণু, ক্ষতিকর কীটপতঙ্গ এবং পরজীবী পোকা দূরীকরণের কাজ নিয়মিতভাবে হচ্ছে।	
• খাদ্য ও খাদ্যজাত দ্রব্যের সংরক্ষণে বিকিরণ প্রয়োগের কারিগরি- অর্থনৈতিক/ বাণিজ্যিক গ্রহনযোগ্যতা প্রদর্শন।	• খাদ্য ও খাদ্যজাত দ্রব্যের সংরক্ষণে বিকিরণ প্রয়োগের মাধ্যমে ৪টি বাণিজ্যিক প্রতিষ্ঠান (যেমনঃ মসলা, মাসরন্নম পাউডার, স্পিরিলুনা, শুটকী মাছ ইত্যাদি প্রডাক্টের জন্য) নিয়মিত সেবা গ্রহণ করে আসছে, ফলে অর্থনৈতিক/বাণিজ্যিক গ্রহনযোগ্যতা বেড়েছে।	
• বিকিরণ প্রয়োগে চিকিৎসা সামগ্রী, ঔষধ, স্বাস্থ্যসেবা উপকরণ এর স্বাস্থ্যসম্মত মান উন্নয়ন।	• দেশের প্রায় ২৫টিরও বেশি বেসরকারী প্রতিষ্ঠানের চিকিৎসা সামগ্রী, ঔষধ, স্বাস্থ্যসেবা উপকরণ এর স্বাস্থ্যসম্মত মান উন্নয়ন করা সম্ভব হয়েছে। এই মান উন্নয়নের কাজ চলছে এবং চলমান থাকবে।	
• পেশাজীবি, নীতিনির্ধারক, ব্যবহারকারীদের মধ্যে বিকিরণ প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রচার (উক্ত প্রযুক্তির মাধ্যমে মসলা, শাকসবজি, ফল, চিকিৎসা সামগ্রীর মান উন্নয়নসহ পরিবেশ সংরক্ষণ করা সম্ভব)।	• পেশাজীবি, নীতিনির্ধারক, ব্যবহারকারীদের মধ্যে বিকিরণ প্রযুক্তির ব্যবহার সম্পর্কে বিজ্ঞপ্তি, চিঠি, ই-মেইলের মাধ্যমে প্রচার করা হয়েছে, যার ফলে অধিক সংখ্যক কোম্পানী বিকিরণ সেবার সুযোগ গ্রহণ করছে।	

পরিকল্পিত	অর্জিত	অত্রবিভাগের মন্তব্য
• পলিমার, হাইড্রোজেন, টিস্যু ব্যাংকিং এবং ফার্মাসিউটিক্যাল ও অন্যান্য ইন্ডাষ্ট্রিতে বিকিরণ প্রযুক্তির সেবাদানের উন্নয়ন।	• ইনস্টিটিউট অব পলিমার টেকনোলজি হতে প্রেরিত পলিমার, ইনস্টিটিউট অব নিউক্লিয়ার টেকনোলজি হতে প্রেরিত হাইড্রোজেন, টিস্যু ব্যাংকিং ইনস্টিটিউট হতে প্রেরিত টিস্যু এলোগ্রাফ্ট, এমনিয়নে এবং ফার্মাসিউটিক্যাল ও অন্যান্য ইন্ডাস্ট্রি হতে প্রেরিত নমুনায় বিকিরণ প্রযুক্তির মাধ্যমে সেবা প্রদানের উন্নয়ন করা সম্ভব হচ্ছে।	
• বিএসটিআই ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মত নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান সমূহের মাধ্যমে বিকিরণ প্রযুক্তি ব্যবহারকারীর নিকট পৌছাঁনো।	• বিএসটিআই ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন সভায় আইএফআরবি-এর প্রতিনিধির মাধ্যমে বিকিরণ প্রযুক্তি ব্যবহারকারীর নিকট পৌঁছানো হচ্ছে। এ ছাড়াও Co^{60} Gamma Source-এর ব্যবহার এবং কমিশনের অন্যান্য সার্ভিস প্রদান সম্পর্কে ব্যাপক প্রচারের বিষয়ে ইতোমধ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক কমার্শিয়াল উইং গঠন করা হয়েছে।	
• জীব বিজ্ঞানের গবেষণায় যেমনঃ বন্ধাকরণ পদ্ধতিতে কীটপতঙ্গের নিয়ন্ত্রণে বহনযোগ্য গামা ইরেডিয়েশনের ব্যবহার।	• জীব বিজ্ঞানের গবেষণায় যেমনঃ বন্ধ্যাকরণ পদ্ধতিতে মাছির কোকনকে গামা রেডিয়েশন প্রয়োগ করে কক্সবাজারের সোনাদিয়া দ্বীপে মাছি বন্ধ্যাকরণের কাজ এগিয়ে নেয়া হচ্ছে। এছাড়াও বিভিন্ন ফল ও শাক-সবজি বিনষ্টকারী মাছিকে বন্ধা করণের কাজে রেডিয়েশন প্রয়োগের মাধ্যমে সহায়তা প্রদান করা হচ্ছে।	

১৪। প্রকল্পের ক্রয় সংক্রান্ত পর্যবেক্ষণঃ

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক ক্রয় কার্যক্রম থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজের ক্রয় প্রক্রিয়া ও বাস্তবায়ন পর্যালোচনা করা হয়ঃ

১৪.১ লট নং **WD-০১:** লট নং **WD -০১** এর আওতায় আইএফআরবি এর মেইন বিল্ডিং-এর ৩য় তলার ঊর্ধ্বমূখী সম্প্রসারণ কাজ সম্পাদন করা হয়। উম্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর মাধ্যমে এ লটের আওতায় ভৌত কাজ সম্পাদন করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ১০/০৬/২০১১ইং তারিখে দৈনিক মানবজমিন এবং দি নিউ এইজ পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২ (দুই) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। গত ০৪/০৭/২০১১ইং তারিখে দরপত্র উম্মুক্তকরণ কমিটির মাধ্যমে দরপত্র উম্মুক্তকরণ করা হয় এবং ২৬/০৭/২০১১ইং তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত দরপত্র প্রক্রিয়ায় মোট ০৪টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং ০৪টি প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্রই রেসপনসিভ/যোগ্য হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক প্রকল্প অফিস হতে গত ২৯/০৮/২০১১ইং তারিখে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান মেসার্স গাঁথুণী, ঢাকা-কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ১২/০৯/২০১১ইং তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ১২ মাস এবং চুক্তি মূল্য ছিল ১,৪৮,৫৭,৮০৭/৫৭ টাকা। এ ক্ষেত্রে কাজটি সময়মত সম্পাদিত হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৪.২ লট নং **WD-০২:** লট নং **WD -০২** এর আওতায় সায়েন্স ষ্টোর বিল্ডিং এর নির্মাণ কাজ সম্পাদন করা হয়। উম্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর মাধ্যমে এ লটের আওতায় ভৌত কাজ সম্পাদন করা হয়। এ প্যাকেজের ক্ষেত্রে ১১/০১/২০১৩ইং তারিখে দৈনিক ভোরের কাগজ এবং দি ফিন্যানসিয়াল এক্সপ্রেস পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২ (দুই) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। গত ২৯/০১/২০১৩ইং তারিখে দরপত্র উম্মুক্তকরণ কমিটির মাধ্যমে দরপত্র উম্মুক্তকরণ করা হয় এবং ০৪/০৪/২০১৩ইং এবং ২২/০৪/২০১৩ইং তারিখে দরপত্র

মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত দরপত্র প্রক্রিয়ায় মোট ০৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে , তন্মধ্যে ০১টি প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র রেসপনসিভ/যোগ্য হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক প্রকল্প অফিস হতে গত ২৮/০৪/২০১৩ইং তারিখে মেসার্স গাঁথুণী, ঢাকা-কে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ১৬/০৫/২০১৩ইং তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদিত হয় যার মেয়াদ ছিল ০৯ মাস এবং চুক্তি মূল্য ছিল ৮৯,০৩,৮৭৩/৭৭ টাকা। এ ড়োত্রে কাজটি সময়মত সম্পাদিত হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৪.৩ লট নং **GD-০৪:** লট নং **GD -০৪** এর আওতায় স্থানীয় মুদ্রায় বৈজ্ঞানিক যন্ত্র ও যন্ত্রাংশ সংগ্রহ করা হয়। উম্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর মাধ্যমে মোট ০৯টি আইটেমের বৈজ্ঞানিক যন্ত্র এবং যন্ত্রাংশ সংগ্রহের লড়্যে গত ০৭/০৩/২০১৩ইং তারিখে দি নিউজ টুডে এবং দৈনিক জনকণ্ঠ পত্রিকায় স্থানীয় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটিতে ০২ (দুই) জন বহিঃসদস্য উপস্থিত ছিলেন। গত ২৪/০৩/২০১৩ইং তারিখে দরপত্র উম্মুক্তকরণ কমিটির মাধ্যমে দরপত্র উম্মুক্তকরণ করা হয় এবং ১৬/০৪/২০১৩ইং তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত দরপত্র প্রক্রিয়ায় মোট ০২টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং ০২টি প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্রই রেসপনসিভ/যোগ্য হিসেবে বিবেচিত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক গত ২৮/০৪/২০১৩ইং তারিখে সর্বনিম্ন দরদাতা মেসার্স ইনভেন্ট টেকনোলজিস লিঃ এর অনুকূলে সর্বমোট ২০,৫৪,০০০/- টাকার নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়, যার মেয়াদ ০১ মাস দেয়া হয়। গত ০৮/০৫/২০১৩ইং তারিখে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়। এ ড়োত্রে বৈজ্ঞানিক যন্ত্র এবং যন্ত্রাংশ সমূহ সময়মত সরবরাহ ও স্থাপনের কাজ করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৫। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাদি:

১৫.১ **বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংগ্রহ না হওয়াঃ** প্রকল্পের আওতায় বৈদেশিক মুদ্রায় ৮৫টি যন্ত্রপাতি সংগ্রহের কথা থাকলেও সংগৃহিত হয়েছে মোট ৮০টি। অবশিষ্ট ০৫টি যন্ত্র একাধিক বার দরপত্র আহবান করেও সংগ্রহ করা সম্ভব হয়নি। এগুলো সংগ্রহ না হওয়ায় প্রকল্পের উদ্দেশ্য আপাতত ব্যহত হচ্ছে না মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

১৫.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (**Time Over-run**): মূল প্রকল্পটি বাস্তবায়নে মোট ৪ বছর ৬ মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর ৬ মাস (৫০%) বেশি। ৩ বছরেবাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্প ৫০% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো;

১৫.৩ **Cost Over-run:** প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ছিল ১৪৭৪.০০ লক্ষ টাকা কিন্তু প্রকল্পটি বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬৬৭.৩৩ লক্ষ টাকা যা মূল প্রাক্কলিত ব্যয় হতে ১৯৩.৩৩ লক্ষ টাকা অর্থাৎ ১৩.১২% বেশী;

১৫.৪ **সিডি ভ্যাটের টাকা কম খরচ হওয়া:** অনুমোদিত ডিপিপি'তে এখাতে ১৮৮.৫০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হলেও খরচ হয়েছে মাত্র ৮৬.৪৬ লক্ষ টাকা। এ বিষয়ে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে , প্রকল্প প্রণয়ন ও সংশোধনের সময় বিষয়টি সঠিকভাবে নির্ধারণ করা সম্ভব হয়নি;

১৫.৫ **প্রচারের অভাব:** Co^{60} Gamma Source-এর ব্যবহার এবং আইএফআরবি এর অন্যান্য সার্ভিস প্রদানকারী বিভাগের সার্ভিস প্রদান সম্পর্কে প্রচারের অভাব রয়েছে বলে পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান;

১৫.৬ **ফিস নির্ধারণ: আইএফআরবি-তে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী, শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পিএইচডি, এমফিল, এমএসসি, বিএসসি ডিগ্রীর গবেষণা কাজ করা হচ্ছে।** একাজে তাঁরা যে কেমিক্যাল ব্যবহার করে তা বর্তমানে বিনামূল্যে প্রদান করা হয়। এক্ষেত্রে, গবেষণা কার্যক্রমে যে কেমিক্যাল ব্যবহার করা হয় তার জন্য স্বল্পমূল্যে ফি নির্ধারণ করা প্রয়োজন;

১৫.৭ **MoU সম্পাদন:** আইএফআরবি-তে যে সমস্ত পরীক্ষা সম্পাদন করা হয় সে বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে বর্তমানে কোন **MoU** নেই যা করা প্রয়োজন;

১৫.৮ **যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টীকার লাগানোঃ** প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিতে স্থায়ীভাবে স্টিকার লাগানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কেননা এতে বোঝা যাচ্ছে না যে সেগুলো এ প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে কিনা;

১৫.৯ **এক্সটার্নাল অডিট আপত্তি নিস্পত্তি না হওয়াঃ** প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের কর্মকান্ডের উপর এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে। অডিট দল কর্তৃক ০৩টি আপত্তি প্রদান করা হয়েছে, প্রকল্প দপ্তর হতে আপত্তি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আপত্তি নিস্পত্তির লক্ষ্যে জবাব দেয়া হলেও এখনো চূড়ান্ত নিস্পত্তি করা হয়নি।

১৬। সুপারিশ/মতামতঃ

১৬.১ ভবিষ্যতে এ ধরণের প্রকল্প প্রণয়নকালে পরিকল্পনা এমনভাবে করতে হবে যাতে প্রকল্পের Time over-run এবং Cost over run না ঘটিয়ে নির্ধারিত সময় ও ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনুঃ ০৫);

১৬.২ প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো ও স্থাপিত অত্যাধুনিক যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৬.৩ ভবিষ্যতে এ ধরণের প্রকল্প প্রণয়নকালে সিডি ভ্যাটের টাকা সঠিকভাবে প্রাক্কলন করতে হবে (১৫.৪);

১৬.৪ আইএফআরবি-তে Co^{60} Gamma Source-এর ব্যবহার এবং আইএফআরবি এর অন্যান্য সার্ভিস প্রদানকারী বিভাগের সার্ভিস প্রদান সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে (১৫.৫);

১৬.৫ আইএফআরবি-তে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী, শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পিএইচডি, এমফিল, এমএসসি, বিএসসি ডিগ্রীর গবেষণা কাজে যে কেমিক্যাল ব্যবহার করা হয় তার জন্য স্বল্পমূল্যে ফি নির্ধারণ করার বিষয়ে বিবেচনা করা যেতে পারে (১৫.৬);

১৬.৬ আইএফআরবি-তে যে সমস্ত পরীক্ষা সম্পাদন করা হয় সে বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে MoU সম্পাদন করতে হবে (১৫.৭);

১৬.৭ এ প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালসমূহে স্থায়ীভাবে স্টীকার লাগানোর বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু:১৫.৮);

১৬.৮ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রসমূহ গবেষণা ও সেবার কাজে চলমান রাখতে রাজস্ব বাজেটে যথেষ্ট পরিমাণ আর্থিক সংস্থানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৬.৯ আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পটির অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে (১৫.৯)।

১৬.১০ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৯ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।